দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ০২ নভেম্বর ২০২৬ ॥ ২১ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ১৭ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব! পান্তরে তাদের কোনই সাহায্যকারী নেই।

সূরা আল ইমরান ৯১

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
ক্যাটফিশ সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১৯৩২৭৭০৫



ইউরোপের দেশগুলো রোহিঙ্গা প্রত্যাবাসনে সাহায্য করতে পারে: স্পিকার

কীর্তনখোলা ডেস্ক

রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসনে বাংলাদেশ সরকারের পাশাপাশি বহির্বিশ্বের সমর্থন প্রয়োজন জানিয়ে জাতীয় ২ এর পাতায় দেখুন



খারাপ ফলাফল করা শিক্ষাপ্রতিষ্ঠান জবাবদিহির আওতায় আনার নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষায় যেসব শিক্ষাপ্রতিষ্ঠানে পাসের হার শূন্য কিংবা আশঙ্কাজনকভাবে ২ এর পাতায় দেখুন



'আ.লীগের মিছিল হচ্ছে, সরকার গ্রেফতার করতে পারছে না'

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেন বলেছেন, সরকারের কাছে বিভিন্ন ধরনের গোয়েন্দা প্রতিবেদন ২ এর পাতায় দেখুন



ডেঙ্গুতে ৮ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৯২৯

কীর্তনখোলা ডেস্ক

দেশে ডেঙ্গুর সংক্রমণ ও মৃত্যুর ঊর্ধ্বমুখী প্রবণতা অব্যাহত রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ২ এর পাতায় দেখুন

শ্রমিক আন্দোলনে

বরিশাল-পটুয়াখালী থেকে লোক নিয়ে নাশকতার ছক আ.লীগের

কীর্তনখোলা ডেস্ক



রাজধানীর মিরপুরে পোশাকশ্রমিকদের বেতন বৃদ্ধির দাবিতে চলমান আন্দোলনকে কেন্দ্র করে নাশকতার চেষ্টার অভিযোগে ১১ জনকে আটক করেছে গোয়েন্দা পুলিশ (ডিবি)। আটক ব্যক্তিরা কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ, যুবলীগ ও নিষিদ্ধ ছাত্রলীগের নেতাকর্মী বলে দাবি করেছে পুলিশ। শ্রমিকদের আন্দোলনকে কাজে লাগিয়ে তারা অগ্নিসংযোগ ও সহিংসতা সৃষ্টির চেষ্টা করছিলেন বলে অভিযোগ ডিবির। রোববার (১ নভেম্বর) বিষয়টি নিশ্চিত করেন ডিবির মিরপুর বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মোহাম্মদ রাকিব খাঁন। তিনি জানান, কয়েক দিন ধরে ৩০ হাজার টাকা ন্যূনতম মাসিক বেতনের দাবিতে আন্দোলন করছেন পোশাকশ্রমিকেরা। তবে শনিবার থেকে আন্দোলন ঘিরে সহিংস পরিস্থিতির সৃষ্টি হয়েছে। রোববারও পুলিশের সঙ্গে সংঘর্ষ এবং পুলিশের গাড়িতে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। ডিবির এই কর্মকর্তা অভিযোগ করেন, সাধারণ শ্রমিকদের আন্দোলনের সুযোগ নিয়ে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীরা নাশকতার পরিকল্পনা বাস্তবায়নের চেষ্টা করছেন। এ ঘটনায় আন্দোলনকারীদের সঙ্গে মিশে থাকা ১১ জনকে আটক করা হয়েছে। আটক ব্যক্তিরা বরিশাল, পটুয়াখালী, কক্সবাজার ও গাইবান্ধাসহ বিভিন্ন জেলার তৃণমূল পর্যায়ের নেতা বলে জানান মোহাম্মদ রাকিব খাঁন। তার দাবি, মিরপুরের পলাতক সংসদ সদস্য ইলিয়াস মোল্লার ভাগ্নে আলিফ মোল্লা এসব কর্মকাণ্ডের সমন্বয় করছেন। ঢাকার বাইরের বিভিন্ন ২ এর পাতায় দেখুন

বরিশালে ভিক্ষুককে মারধরের ঘটনা যাত্রাবাড়ীতে মুক্তিযোদ্ধার ওপর হামলা বলে প্রচার

কীর্তনখোলা রিপোর্ট

সম্প্রতি, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া দুটি পোস্টে ঢাকার যাত্রাবাড়ীতে এক বীর মুক্তিযোদ্ধার ওপর হামলার অভিযোগ করা হয়েছে। প্রথম পোস্টে দাবি করা হয়, স্থানীয় বিএনপির এক নেতার নেতৃত্বে ওই মুক্তিযোদ্ধার ওপর হামলার ঘটনা ঘটেছে। অন্যদিকে, একই ভিডিও প্রচার করে আরেকটি পোস্টে দাবি করা হয়, সরকারের সমালোচনা করে কথা বলার কারণে ওই বৃদ্ধ ব্যক্তি হামলার শিকার হয়েছেন। পোস্টটির সঙ্গে যুক্ত ভিডিওতে তাকে অসহায় অবস্থায় আল্লাহর কাছে সাহায্য চাইতে দেখা যায়। রিউমর স্ক্যানার টিমের অনুসন্ধানে জানা যায়, মুক্তিযোদ্ধার ওপর বিএনপি নেতার হামলা এবং সরকারের সমালোচনা করায় ওই বৃদ্ধের হামলার শিকার হওয়ার দাবিগুলো সঠিক নয়। প্রকৃতপক্ষে, এটি বরিশাল নগরীর আমতলা পানির ট্যাংক এলাকার ঘটনা এবং মারধরের শিকার ওই বৃদ্ধ ২ এর পাতায় দেখুন



জাতীয় যুব দিবস উপলক্ষ্যে বরিশালে যুব র‍্যালির উদ্বোধন করেন অতিথিবৃন্দ -কীর্তনখোলা

শ্বশুরবাড়িতে হত্যা করে জামাতার লাশ ঝুলিয়ে রাখার অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মুলাদীতে শ্বশুরবাড়ি থেকে মহিম হোসেন (২২) নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। রোববার সকাল ১০টার দিকে উপজেলার ডিক্রীরচর খেয়াঘাটের পশ্চিম পাড়ে সোহেল কাজীর বাড়ি থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত মহিম বরিশালের কাশিপুর এলাকার ইছাকাঠি গ্রামের মো. মনির হোসেনের ছেলে। তাঁর পরিবারের দাবি, মহিমকে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রাখা হয়েছে। তবে মৃত্যুর প্রকৃত কারণ জানতে ময়নাতদন্ত প্রতিবেদনের অপেক্ষায় রয়েছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা যায়, মোবাইল ফোনে পরিচয় ও প্রেমের সম্পর্কের পর প্রায় এক বছর আগে ডিক্রীরচর গ্রামের সোহেল কাজীর মেয়ে সোহানাকে বিয়ে করেন মহিম। বিয়ের পর থেকে তিনি শ্বশুরবাড়িতেই থাকতেন। রাজমিস্ত্রির সহকারী ও ব্যাটারিচালিত ভ্যান চালানোসহ বিভিন্ন কাজ করে সংসার চালাতেন তিনি। স্থানীয়রা জানান, মোবাইল ফোনে টিকটক ব্যবহার ও অন্যদের সঙ্গে কথা বলা ২ এর পাতায় দেখুন

ছেলের মৃত্যুর খবর শুনে প্রবাসে বাবার মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মেহেন্দিগঞ্জে সাত মাস বয়সী ছেলের মৃত্যুর খবর শুনে দুবাইয়ে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছেন প্রবাসী বাবা। এ ছাড়া একই দিনে মারা গেছেন শিশুটির মায়ের দাদিও। উপজেলার দক্ষিণ উলানিয়া ইউনিয়নের আশা গ্রামে এ হৃদয়বিদারক ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, ওই গ্রামের আরিয়ান (৩৫) দীর্ঘদিন ধরে দুবাইয়ে প্রবাসজীবন কাটাচ্ছিলেন। তার সাত মাস বয়সী ছেলে আদর ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ঢাকায় চিকিৎসাধীন ছিল। শনিবার সকালে চিকিৎসাধীন অবস্থায় শিশুটির মৃত্যু হয়। ছেলের মৃত্যুর খবর শুনে শোকে ভেঙে পড়েন প্রবাসী বাবা আরিয়ান। একই দিন বিকেলে দুবাইয়ে অবস্থানকালে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তার মৃত্যু হয় বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে। এদিকে, একই দিনে মারা যান শিশু আদরের ২ এর পাতায় দেখুন



নববধূকে পালাক্রমে ধর্ষণ করে দুলাভাই ও চাচা শ্বশুর

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বাকেরগঞ্জে নববধূকে ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলায় তার দুই আত্মীয়কে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতার ব্যক্তিদের একজন ভুক্তভোগীর দুলাভাই এবং অন্যজন চাচা শ্বশুর। মামলা দায়েরের ২৪ ঘণ্টার মধ্যে ঢাকা ও নারায়ণগঞ্জে পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। রোববার (১ নভেম্বর) দুপুরে গ্রেফতার দুজনকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। গ্রেফতার ব্যক্তিরা হলেন বাকেরগঞ্জ উপজেলার পাদ্রীশিবপুর ইউনিয়নের আড়াইবেকী গ্রামের ইমরান প্যাদা ও রাকিব প্যাদা। শনিবার দিবাগত মধ্যরাতে আধুনিক তথ্যপ্রযুক্তির সহায়তায় তাদের অবস্থান শনাক্ত করে পৃথক অভিযান চালানো হয় বলে জানিয়েছে পুলিশ। ভুক্তভোগী নববধূর অভিযোগ ও মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ১৯ অক্টোবর রাতে নতুন পোশাক কিনে দেওয়ার কথা বলে পরিবারের সম্মতিতে তাকে বাজারে ২ এর পাতায় দেখুন

ফেসবুকে 'ঢাকা দখলের' ঘোষণা ছাত্রলীগ নেতা আটক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে 'ঢাকা দখলের' ঘোষণা দেওয়ার অভিযোগে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের এক নেতাকে আটক করেছে পুলিশ। শনিবার রাতে উপজেলার গুঠিয়া বন্দর এলাকা থেকে স্থানীয় বিএনপির নেতাকর্মীরা তাকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেন। আটক ওই নেতার নাম মো. আসাদ মোল্লা (৩০)। তিনি গুঠিয়া ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক । উজিরপুর থানা পুলিশের তথ্য অনুযায়ী, শনিবার রাত আনুমানিক ৮টার দিকে গুঠিয়া বন্দর এলাকায় স্থানীয় বিএনপির নেতাকর্মীরা আসাদ মোল্লাকে আটক করেন। পরে বিষয়টি পুলিশকে জানানো হলে উজিরপুর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে তাকে হেফাজতে নেয়। পুলিশ জানিয়েছে, তার বিরুদ্ধে আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ২ এর পাতায় দেখুন

মানুষের অধিকার প্রতিষ্ঠায় শরিয়াহর আদর্শ বাস্তবায়ন করতে হবে

— ফয়জুল করীম

কীর্তনখোলা ডেস্ক

দেশে ন্যায়বিচার, সুশাসন ও মানুষের প্রকৃত অধিকার প্রতিষ্ঠায় রাষ্ট্রের সর্বস্তরে ইসলামি শরিয়াহর আদর্শ বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সিনিয়র নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মদ ফয়জুল করীম। রোববার (১ নভেম্বর) দুপুরে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তর গেটে দলটির ঢাকা মহানগর দক্ষিণের উদ্যোগে কেন্দ্রঘোষিত দাওয়াতি মাসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এসময় তিনি আনুষ্ঠানিকভাবে দাওয়াতি মাসের উদ্বোধন ঘোষণা করেন। ফয়জুল করীম বলেন, প্রচলিত ব্যবস্থায় মানুষের প্রত্যাশা পূরণ হচ্ছে না। তাই ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে ইসলামের আদর্শ প্রতিষ্ঠার লক্ষ্যে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। দেশ ও মানবতার কল্যাণে ইসলামের সুমহান আদর্শের পক্ষে গণজাগরণ সৃষ্টি করতে হবে। তিনি বলেন, দাওয়াতি মাস কেবল আনুষ্ঠানিক কোনো কর্মসূচি নয়, বরং মানুষের কাছে ইসলামের সঠিক বার্তা ২ এর পাতায় দেখুন

সাত হাজার টাকার জাল নোটসহ নারী আটক

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার শহরের কাঁচাবাজারে জাল নোট দিয়ে কেনাকাটার চেষ্টার সময় শাহানাজ বেগম (৪২) নামে এক নারীকে আটক করেছেন স্থানীয় ব্যবসায়ীরা। পরে তার কাছ থেকে প্রায় ৭ হাজার টাকার জাল নোট উদ্ধার করা হয়েছে। রবিবার (১ নভেম্বর) সকালে শহরের কিচেন মার্কেট কাঁচাবাজারে এ ঘটনা ঘটে। স্থানীয় ব্যবসায়ীরা জানান, সকালে বাজারে সওদা করার সময় শাহানাজ একটি জাল নোট দিয়ে কেনাকাটার চেষ্টা করেন। এ সময় নোটটি নিয়ে ব্যবসায়ীদের সন্দেহ হলে তারা তাকে আটক করে তল্লাশি চালান। পরে তার কাছে থাকা প্রায় ২ এর পাতায় দেখুন



সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

স্থানীয় নির্বাচন নিয়ে সতর্কতা প্রয়োজন

বিএনপি সরকারের জন্য একটা চ্যালেঞ্জ হয়ে দেখা দেবে স্থানীয় নির্বাচন। কয়েকটা কারণে, প্রথমত বড় দল হিসেবে তাদের একাধিক প্রার্থী থাকবে। ২০০২ সালে যতদূর মনে পড়ে উন্মুক্ত করে দেয়া হয়েছিলো। সবাই যে যার মতো নির্বাচন করেছে; কিন্তু এবার দলীয়ভাবে মনোনয়ন দেয়ার কথা বলছেন মন্ত্রী এমপিরা। এই মনোনয়ন নিয়ে হতে পারে দ্বন্দ্ব। নাটোরের ছাত্রদল নেতা শাকিল হত্যাকান্ডের পেছনে স্থানীয় নির্বাচনের লড়াইয়ের কথা শোনা যাচ্ছে। এমন সঙ্ঘাত আরো হোক সেটা আমাদের কাম্য নয়। দ্বিতীয়ত, মন্ত্রী এমপিরা নির্বাচন নিয়ে নানান ধরণের কথা বলছেন, যেগুলো আপত্তিকর। এটা তৃণমূল নেতাদের আশকারা দেবে। সুষ্ঠু নির্বাচনকে ব্যহত করবে। জনগন ১৭ বছরের ক্ষুধার্ত।

যে কারণে নির্বাচন সুষ্ঠু করাটা সরকারের জন্য জরুরি। এবার সুযোগ পেয়েও যদি মানুষ নিজের ইচ্ছেমতো প্রতিনিধি নির্বাচিত করতে না পারে তাহলে সরকারের ওপর তাদের আস্থাটা ধপ্ করে নিভে যাবে। আ'লীগ আর বিএনপিকে এক ভাবতে শুরু করবে। বিশ্বাস পুরোপুরি নষ্ট হয়ে যাবে। আর ২ এর পাতায় দেখুন


আগৈলঝাড়ায় দৈনিক বাংলাদেশ বাণী পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

আগৈলঝাড়া প্রতিনিধি

বৈষম্যের বিরুদ্ধে এই স্লোগানকে সামনে রেখে বরিশালের আগৈলঝাড়ায় পালিত হয়েছে দৈনিক বাংলাদেশ বাণী পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী ১/১১/২০২৬ ইং সকালে উপজেলা পরিষদের সামনে থেকে বর্ণাঢ্য র‍্যালী বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে আবার উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়। পরে আগৈলঝাড়া প্রেসক্লাব মিলনায়তনে দৈনিক বাংলাদেশ বাণী পত্রিকার বিশেষ প্রতিনিধি ও আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাপতি মোঃ শামীমুল ইসলাম শামীমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারাবাজার, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারাবাজার, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের গেটে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083



নারী শিক্ষার্থীদের প্রত্যাশা পূরণ

বরিশাল বিএম কলেজে পৃথক ছাত্রী পাঠকক্ষ উদ্বোধন

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ

সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে শিক্ষার্থীদের পড়ালেখার পরিবেশ উন্নত করা এবং কেন্দ্রীয় লাইব্রেরির আবাসন সংকট নিরসনে পৃথক 'ছাত্রী পাঠকক্ষ' উদ্বোধন করা হয়েছে। রবিবার (১ নভেম্বর) বেলা ১২ টার দিকে কলেজের শহীদ তৌহিদুল ইসলাম কেন্দ্রীয় লাইব্রেরি ভবনের নিচ তলায় নামফলক উন্মোচন, ফিতা কাটা ও দোয়া-মোনাজাতের মাধ্যমে এই নতুন পাঠকক্ষের শুভ উদ্বোধন করেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর কাজী জাবের আহমেদ। এ সময় আরো উপস্থিত ছিলেন ইসলামিক স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর নূর মোহাম্মদ,গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর জি এম শহীদুল ইসলাম, ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর আব্দুস সালাম,ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর কামরুননেছা। এছাড়াও কলেজের অন্যান্য শিক্ষক, শিক্ষার্থী এবং একর্মচারী বৃন্দ এসময় উপস্থিত ছিলেন। উদ্বোদন কালে ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর কাজী জাবের আহমেদ ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

সচেতন প্রয়াস কাম্য

দিনে দিনে প্রযুক্তির অভাবনীয় অগ্রগতি হয়েছে। অফিস-আদালত থেকে শুরু করে সাধারণ মানুষের দৈনন্দিন কাজকর্মে লেগেছে আধুনিক প্রযুক্তির ছোঁয়া। ব্যবসা-বাণিজ্য থেকে শুরু করে যোগাযোগব্যবস্থা আগের তুলনায় অনেক সহজ হয়েছে। অন্যদিকে অপরাধীচক্র এই প্রযুক্তিকেই বানিয়েছে হাতিয়ার। বিশেষ করে সাম্প্রতিক সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) অনেকের কাছে আতঙ্কের নাম হয়ে দাঁড়িয়েছে। বহু মানুষের জীবন অসনীয় করে তুলেছে। সামাজিকভাবে হেয় প্রতিপন্ন হওয়ার পাশাপাশি অনেকে বিপুল আর্থিক ক্ষয়ক্ষতির শিকারও হয়েছেন। সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, এই সাইবার জগতের অপরাধীরা বেশির ভাগ ক্ষেত্রে ধরাছোঁয়ার বাইরে থেকে যাচ্ছে। এআই ঘিরে বড় যে উদ্বেগ তৈরি হয়েছে, তা হলো সত্য-মিথ্যার ভেদরেখা মুছে দেওয়া। এআই ব্যবহার করে অনেক ছবি ও ভিডিও কনটেন্ট তৈরি করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়। তাৎক্ষণিক বোঝার উপায় থাকে না–এটি সত্য, নাকি নকল। অনেকে সত্য মনে করে সেই কনটেন্ট ছড়াতে থাকেন। অনেক সময় দেখা গেছে, সামাজিক উত্তেজনা তৈরি করে একটি দল নিজেদের ফায়দা হাসিল করে। রাজনৈতিক প্রতিপক্ষকে ঘায়েল করার জন্যও এআই দিয়ে তৈরি কনটেন্ট ছড়িয়ে দেওয়া হয়। এমন অপতথ্য অনেকের মৃত্যুর কারণ পর্যন্ত হয়েছে। শুধু কি বাংলাদেশ? না। সারা বিশ্বেই বাড়ছে এআই প্রযুক্তির অপব্যবহার। ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনিকে নিয়েও ছড়ানো হয়েছে এআই দিয়ে তৈরি একাধিক ভুয়া ছবি ও ভিডিও। সামাজিক যোগাযোগ মাধ্যমে মেলোনি জানান, তাঁর ভুয়া ছবিকে বাস্তব হিসেবে প্রচার করা হচ্ছে। তিনি বলেন, 'ডিপফেক ও এআই অত্যন্ত বিপজ্জনক হাতিয়ার, যা মানুষকে বিভ্রান্ত ও অপমানিত করতে পারে।' তবে আমাদের দেশের পরিস্থিতি বেশ নাজুক। কেননা এখানে অপরাধ বাড়লেও সেই তুলনায় আইনের প্রয়োগ নেই। সবচেয়ে বড় কথা হলো, সাধারণ মানুষের মধ্যে অভিযোগ করার প্রবণতাও কম। গতকাল কালের কণ্ঠে প্রকাশিত প্রতিবেদনে জানা যায়, ৯০ শতাংশের বেশি ভুক্তভোগী মামলা করতে চান না। এর কারণও অবশ্য অজানা নয়। বিচারের নামে হয়রানি, দীর্ঘসূত্রতা দেশের সাধারণ চিত্র। এ কারণে ভুক্তভোগী অনেকেই আইনের পথে যেতে চান না। এতে অপরাধ নিয়ন্ত্রণ আরো কঠিন হয়ে পড়ে এবং অপরাধীরাও ধরাছোঁয়ার বাইরেই থেকে যায়। এটি ঠিক যে আমাদের দেশে ইন্টারনেট ব্যবহাকারীদের অনেকেই সচেতন নন। পাসওয়ার্ড সংরক্ষণের মতো প্রাথমিক নিরাপত্তার বিষয়গুলো অনেকের অজানা। আবার হয়রানির শিকার হলে কোথায় অভিযোগ জানাতে হবে, সেই তথ্যও অনেকের কাছে নেই। এসব দুর্বলতার সুযোগে সাইবার অপরাধ বেড়েই চলছে।

বরিশাল-পটুয়াখালী থেকে লোক

জেলা থেকে নেতাকর্মীদের রাজধানীতে নিয়ে আসার দায়িত্বও তার ছিল বলে অভিযোগ করেন তিনি। ডিবির ডিসি আরও জানান, ওই এলাকায় প্রায় শতাধিক নেতাকর্মীর উপস্থিতির তথ্য পাওয়া গেছে। তাদের শনাক্ত করতে অভিযান অব্যাহত রয়েছে। এদিকে, রোববার সকাল থেকেই ৩০ হাজার টাকা ন্যূনতম মজুরির দাবিতে মিরপুর-১০, ১১ ও আশপাশের এলাকায় সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পোশাকশ্রমিকেরা। বেলা ১১টার দিকে মিরপুর-১১ নম্বরে পুলিশের একটি গাড়িতে আগুন দেওয়ার ঘটনা ঘটে। এর আগে অবরোধ তুলে শ্রমিকদের সড়ক থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করলে পুলিশের সঙ্গে দফায় দফায় সংঘর্ষ হয়। এতে পুরো এলাকায় যান চলাচল বন্ধ হয়ে পড়ে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ জলকামান, টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ব্যবহার করে। এ সময় দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। পরে দুপুরে আন্দোলনকারীদের সড়ক থেকে সরিয়ে যান চলাচল স্বাভাবিক করার পর ডিএমপির যুগ্ম কমিশনার মহিদুল ইসলাম সাংবাদিকদের জানান, শ্রমিকদের আন্দোলনের মধ্যে সরকারবিরোধী বা রাষ্ট্রবিরোধী কোনো চক্র যুক্ত হয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর চেষ্টা করছে বলে পুলিশের ধারণা। তিনি বলেন, পর্যাপ্তসংখ্যক পুলিশ সদস্য ও কর্মকর্তার উপস্থিতিতে সড়ক অবরোধমুক্ত করা হয়েছে। জনসাধারণের ভোগান্তি কমাতেই আন্দোলনকারীদের সরিয়ে দেওয়া হয়। এ সময় সাউন্ড গ্রেনেড ব্যবহার করা হলেও কোনো লাঠিপেটা করা হয়নি। পুলিশের দাবি, এ ঘটনায় তাদের কোনো সদস্য আহত হননি।

বরিশাল বিএম কলেজে পৃথক

বলেন, দীর্ঘদিন ধরে এই কলেজে চাকরি করা এবং স্থানীয় হওয়ার সুবাদে কলেজের সমস্যাগুলো সম্পর্কে আমি অবগত। নানাবিধ সীমাবদ্ধতা ও সীমিত সামর্থ্যের মধ্যেও আমরা এই ছাত্রী পাঠকক্ষ চালু করতে পেরেছি। বিএম কলেজের শিক্ষার্থীদের উন্নত মানসিকতা ও মেধা বিকাশে আমরা বদ্ধপরিকর। ?তিনি আরও আশ্বাস দেন যে, দ্রুতই পাঠকক্ষে আধুনিক প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা হবে এবং এটিকে সেমিনার ও কর্মশালা (ওয়ার্কশপ) পরিচালনার উপযোগী হিসেবেও প্রস্তুত করা হবে। ইসলামিক স্টাডিজ বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর নূর মুহাম্মদ বলেন, আমি এই কাজটি পরিচালনা করার সময় থেকেই শিক্ষার্থীরা অধ্যক্ষ মহোদয় প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেছে যে স্যার অল্প সময়ের মধ্যেই কলেজে গতি সঞ্চার করে দিয়েছেন । অধ্যক্ষ মহোদয়ের নির্দেশনায় এরকম একটি শিক্ষার্থীবান্ধব কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে পেরে আমি আল্লাহর নিকট শুকরিয়া জানাই। এসময় শিক্ষার্থীদের মধ্য থেকে ?অনুভূতি ব্যাক্ত করে গনিত বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী পিয়াংকা বলেন, নারী শিক্ষার্থীদের কথা বিবেচনা করে এমন পদক্ষেপ গ্রহণ করায় আমরা অত্যন্ত আনন্দিত। কলেজ প্রশাসনকে বিশেষ ধন্যবাদ জানাচ্ছি, এটি সত্যিই একটি প্রশংসনীয় উদ্যোগ। নতুন ছাত্রী পাঠকক্ষ পেয়ে আনন্দ প্রকাশ করার পাশাপাশি কলেজ প্রশাসনকে ধন্যবাদ জানান সাধারণ শিক্ষার্থীরা।

ছেলের মৃত্যুর খবর শুনে

মায়ের দাদিও। একদিনে পরিবারের তিন সদস্যকে হারিয়ে শোকে স্তব্ধ হয়ে পড়েছে স্বজনেরা। স্বজনদের আহাজারিতে ভারী হয়ে উঠেছে এলাকার পরিবেশ। তাঁদের এই শোকাবহ পরিস্থিতিতে প্রতিবেশীরাও সমবেদনা জানাতে ছুটে আসছেন। প্রতিবেশী মো. কবির মাঝি বলেন, এমন মৃত্যু মেনে নেওয়া যায় না। একই পরিবারের তিনজনের মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। নিহত শিশুর নানা মো. জসিম হাজারী কান্নাজড়িত কণ্ঠে জানান, নিহত শিশুটি তার নাতি, আরিয়ান তার জামাতা এবং একই দিনে মারা যাওয়া বৃদ্ধা তার শাশুড়ি। একদিনে তিন স্বজনকে হারিয়ে তিনি দিশেহারা হয়ে পড়েছেন। ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন বৃহত্তর উলানিয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আলিম চৌধুরী মিটন। তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

আগৈলঝাড়ায় দৈনিক বাংলাদেশ

প্রধান অতিথির বক্তব্যে রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার। এসময় উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা তপন বিশ্বাস, উপজেলা একাডেমিক সুপারভাইজার প্রান কুমার ঘটক, উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক শিকদার হাফিজুল ইসলাম, সদস্য সচিব মোল্লা বশির আহমেদ পান্না, যুগ্ম আহ্বায়ক শাহ মোহাম্মদ বখতিয়ার, যুগ্ম আহবায়ক আবুল হোসেন মোল্লা, শামছুল হক খোকন, উপজেলা যুবদলের সদস্য সচিব শিপন হাওলাদার, যুগ্ম আহ্বায়ক হাবিবুর রহমান মুন্সি, বরিশাল জেলা উত্তর যুবদলের সদস্য হেমায়েত তালুকদার, বরিশাল জেলা উত্তর কৃষক দলের সদস্য সচিব মোঃ সেলিম হোসেন, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আব্দুর রাজ্জাক ফকির ইউনিয়ন বিএনপির সদস্য সচিব বদিউজ্জামান সরল মোল্লা, উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সভাপতি কাজল দাস গুপ্ত, আগৈলঝাড়া প্রেসক্লাবের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম, প্রেসক্লাবের সহ সভাপতি সাইফুল মৃধা সহ-সভাপতি এইচএম মাসুম হাওলাদার সাবেক সভাপতি কেএম আজাদ রহমান, সাবেক সাধারণ সম্পাদক প্রবীর বিশ্বাস ননী, সহ-সভাপতি রিপন বিশ্ আকাশ মাহামুদ, জহিরুল ইসলাম সবুজ, যুগ্ম সম্পাদক বিকাশ রায়, সদস্য মানিক হাওলাদার, সাজ্জাদ হোসেন, আসরাফ হোসেন রাসেল, মলয় ঘটক, কিশোর মজুমদার, তাসদিত হোসেন সাজিদ, উপজেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শিকদার মোঃ লিটন প্রমুখ। সভায় বক্তারা দৈনিক বাংলাদেশ বাণী পত্রিকার ২য় বর্ষপূর্তিতে পত্রিকার সাহসী ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতার ভূয়সী প্রশংসা করেন এবং 'বৈষম্যের বিরুদ্ধে'স্লোগানকে সামনে রেখে সমাজের ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখার আহ্বান জানান। তারা বলেন, একটি পত্রিকা কেবল সংবাদ পরিবেশন করে না, এটি সমাজের দর্পণ হিসেবে কাজ করে। এবং সার্বিক দিক তুলেধরে প্রতিষ্ঠাবার্ষিকী আলোচনা সভা করা হয়।

সাত হাজার টাকার জাল

সাত হাজার টাকার জাল নোট পাওয়া যায়। খবর পেয়ে ভোলা সদর মডেল থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে ওই নারীকে আটক করে থানায় নিয়ে যায়। আটক শাহানাজের দাবি, তিনি এসব টাকা তার স্বামী সাইফুলের কাছ থেকে সংগ্রহ করেছেন। তবে টাকাগুলো জাল, সে বিষয়ে তিনি জানতেন না বলে দাবি করেছেন। তাদের বাড়ি ভোলা শহরের কন্ট্রাক্টর বাড়ি সংলগ্ন এলাকায় বলে জানা গেছে। ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, জাল নোটসহ আটক নারীকে থানায় নিয়ে আসা হয়েছে। এ ঘটনায় তার বিরুদ্ধে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। উদ্ধার করা জাল নোটের উৎস এবং এর সঙ্গে কোনো সংঘবদ্ধ জাল টাকা তৈরি বা সরবরাহকারী চক্র জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

ফেসবুকে 'ঢাকা দখলের'

ঘটনার পর এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ বিষয়ে গোয়েন্দা নজরদারি অব্যাহত রয়েছে। উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, আসাদকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

নববধূকে পালাক্রমে ধর্ষণ

নিয়ে যান ইমরান প্যাদা। তিনি ভুক্তভোগীর ভাসুরের বোনের স্বামী। পরে বাড়ি ফেরার পথে একটি নির্জন স্থানে নিয়ে ইমরান ও তার চাচা শ্বশুর রাকিব প্যাদা তাকে ধর্ষণ করেন বলে অভিযোগ করা হয়েছে। এ ঘটনায় প্রতিকার চেয়ে গত ২৩ অক্টোবর বরিশাল জেলা লিগ্যাল এইড অফিসে লিখিত অভিযোগ করেন ওই নারী। পরে লিগ্যাল এইড অফিসের নির্দেশনা ও প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে শুক্রবার (৩০ অক্টোবর) সকালে বাকেরগঞ্জ থানায় গিয়ে মামলা করেন তিনি। বাকেরগঞ্জ থানার ওসি আদিল হোসেন জানান, মামলা দায়েরের পর থেকে অভিযুক্তরা পলাতক ছিলেন। পরে তথ্যপ্রযুক্তির সহায়তায় তাদের অবস্থান শনাক্ত করে বাকেরগঞ্জ থানা পুলিশের একটি দল ঢাকা ও নারায়ণগঞ্জে পৃথক অভিযান চালিয়ে গ্রেফতার করে।

বরিশালে ভিক্ষুককে মারধরের

মূলত ভিক্ষুক ও মানসিকভাবে অসুস্থ বলে জানা যায়। এ বিষয়ে অনুসন্ধানে প্রচারিত ভিডিওতে 'Fly with Sabuj' শীর্ষক নামের অস্তিত্ব লক্ষ্য করা যায়। এরই সূত্র ধরে অনুসন্ধানে উক্ত নামের ফেসবুক পেজে গত ২৫ অক্টোবর একই ভিডিও প্রচার হতে দেখা যায়। উক্ত ভিডিওতে লোকেশন হিসেবে বরিশাল উল্লেখ থাকলেও ক্যাপশনে মূল ঘটনার বিষয়ে বিস্তারিত কোনো তথ্যের উল্লেখ পাওয়া যায়নি। পরবর্তীতে, একই নামের পেজে গত ২৮ অক্টোবরে ভিডিও ধারণকারী ব্যক্তি আলোচিত ঘটনা বিশ্লেষণ করে ১ মিনিট ১০ সেকেন্ড সময়ের দীর্ঘ আরেকটি ভিডিও প্রকাশ করেন। ভিডিওর বর্ণনা অনুযায়ী, ঘটনার স্থান বরিশাল নগরীর আমতলা পানির ট্যাংক (স্বাধীনতা পার্ক সংলগ্ন) এলাকায়। ওই এলাকার 'মরিয়ম স্টোর' নামের মুদি দোকানের দোকানদার ঘটনাটি ঘটিয়েছেন বলে ভিডিওতে দাবি করা হয়। পাশাপাশি, মারধরের শিকার ওই বৃদ্ধ মূলত ভিক্ষুক ও মানসিকভাবে অসুস্থ বলে জানা যায়। অর্থাৎ, এটি রাজধানীর যাত্রাবাড়ীতে ঘটা কোনো ঘটনা নয় এবং এর সাথে সরকারের সমালোচনা করা কিংবা মুক্তিযোদ্ধার ওপর বিএনপি নেতার হামলার দাবির সংশ্লিষ্টতা নেই। পরবর্তী অনুসন্ধানে মূলধারার গণমাধ্যম দৈনিক ভোরের কাগজে একই বিষয়ে একটি সংবাদ প্রচার হতে দেখা যায়। উক্ত সংবাদ প্রতিবেদনটিতেও মারধরের শিকার ওই বৃদ্ধকে ভিক্ষুক বলে দাবি করা হয়েছে। সুতরাং, বরিশালে এক বৃদ্ধকে মারধরের ভিডিও যাত্রাবাড়ীতে মুক্তিযোদ্ধার ওপর হামলার দৃশ্য দাবিতে প্রচার করা হয়েছে, যা মিথ্যা

শ্বশুরবাড়িতে হত্যা করে জামাতার

নিয়ে স্ত্রীর প্রতি মহিমের আপত্তি ছিল। এ নিয়ে তাঁদের মধ্যে প্রায়ই ঝগড়া হতো। সকালে কাজে বের হওয়ার আগে ওই দম্পতির মধ্যে কথাকাটাকাটি হয়। এরপর মহিম কাজে না গিয়ে বাড়িতেই অবস্থান করেন। পরে সকাল ১০টার দিকে তাঁর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়। মহিমের স্ত্রী সোহানা বেগম জানান, সকালে স্বামীর সঙ্গে কথাকাটাকাটির পর তিনি রান্না করতে যান। রান্না শেষে ১০টার দিকে স্বামীকে খেতে ডাকতে গিয়ে ঘরের আড়ার সঙ্গে তাঁকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। এ সময় তাঁর চিৎকারে বাড়ির ও আশপাশের লোকজন ছুটে আসেন। পরে তাঁরা থানায় খবর দেন। অন্যদিকে মহিমের ফুফু কাজল বেগমের অভিযোগ, স্ত্রীর টিকটক ব্যবহার ও মোবাইলে কথা বলায় বাধা দেওয়াকে কেন্দ্র করে মহিমকে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রাখা হয়েছে। এ ঘটনায় তাঁরা আইনি পদক্ষেপ নেবেন বলেও জানান তিনি। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, 'মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'

ডেঙ্গুতে ৮ জনের মৃত্যু

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে আরও ৮ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ৯২৯ জন রোগী। রোববার (১ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, নতুন ৮ জনের মৃত্যুর মধ্য দিয়ে চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১ নভেম্বর পর্যন্ত ডেঙ্গুতে মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪২৭ জনে। এর মধ্যে গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ৮ জনের মধ্যে ঢাকা বিভাগে ৩ জন, ময়মনসিংহে ২ জন, চট্টগ্রামে ১ জন, চুয়াডাঙ্গায় ১ জন এবং চাঁপাইনবাবগঞ্জে ১ জন রয়েছেন। চলতি বছর ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে মোট ভর্তি রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১ লাখ ৩৬ হাজার ৯২৯ জনে। এর মধ্যে বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন আছেন ৬ হাজার ১১৪ জন রোগী। অন্যদিকে আক্রান্তদের মধ্যে থেকে হাসপাতাল ছেড়েছেন মোট ১ লাখ ৩০ হাজার ৩৮৮ জন। গত ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন বিভাগে নতুন ভর্তি হওয়া রোগীদের মধ্যে সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে–৮৩১ জন। এছাড়া খুলনা বিভাগে ২৫৯ জন, চট্টগ্রাম বিভাগে ২৫৭ জন, বরিশাল বিভাগে ২১৩ জন, রাজশাহী বিভাগে ১৮৫ জন, ময়মনসিংহ বিভাগে ৯২ জন, রংপুর বিভাগে ৭৩ জন এবং সিলেট বিভাগে ১৯ জন নতুন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত বছর অর্থাৎ ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে ১ নভেম্বর পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট রোগীর সংখ্যা ছিল ৭০ হাজার ৫১৩ জন এবং মৃত্যুবরণ করেছিলেন ২৭৮ জন। সে তুলনায় চলতি বছরের একই সময়ে (১ জানুয়ারি থেকে ১ নভেম্বর ২০২৬) রোগীর সংখ্যা এবং মৃত্যু দুটোই উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পেয়েছে।

আ.লীগের মিছিল হচ্ছে, সরকার

থাকে। সরকারপ্রধানের কাছেও নানা ধরনের গোয়েন্দা তথ্য থাকে। কিন্তু আওয়ামী লীগের মিছিল হচ্ছে, বিভিন্ন জায়গায় বিস্ফোরণ ঘটানো হচ্ছে, আগুন দেওয়া হচ্ছে। এসব বিষয়ে গোয়েন্দা প্রতিবেদন দূরের কথা, ঘটনা ঘটার পরও তাদের গ্রেফতার করার মতো সক্ষমতা সরকার দেখাতে পারছে না। রোববার (১ নভেম্বর) জাতীয় যুব দিবস উপলক্ষ্যে 'রাষ্ট্র পুনর্গঠন ও তরুণদের কর্মসংস্থান' প্রতিপাদ্যে জাতীয় যুবশক্তি আয়োজিত জাতীয় যুব সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, সরকার যদি বাংলাদেশের মানুষের আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়ন করতে না চায়, তাহলে তাদের জন্য আফসোস। আমরা চাই, নিয়মতান্ত্রিক পন্থায় বাংলাদেশের রাজনীতি পরিচালিত হোক। কিন্তু সরকার যদি প্রতিটি জায়গায় ব্যর্থ হতে থাকে, তাহলে রাষ্ট্র পরিচালনার নৈতিক যুক্তি তাদের আর থাকে না। তিনি আরও বলেন, গণভোটের রায় অস্বীকার করে সরকার জনগণের বিপক্ষে অবস্থান নিয়েছে। জুলাই সনদের রাজনৈতিক ও আইনি ভিত্তি নিয়ে প্রশ্ন তোলা মানে জনগণের রায়কে অস্বীকার করা। একই সঙ্গে জুলাই গণহত্যার বিচারও ঝুলিয়ে রাখার চেষ্টা চলছে বলে মনে হচ্ছে। আওয়ামী লীগের মানবতাবিরোধী অপরাধে জড়িতদের ছাড় দেওয়ার কোনো চেষ্টা বাংলাদেশের মানুষ মেনে নেবে না। আখতার হোসেন বলেন, ২৪-এর গণঅভ্যুত্থানের পর বাংলাদেশে তিনটি কথা সবচেয়ে বেশি আলোচিত হয়েছে। সেগুলো হলো সংস্কার, বিচার ও নির্বাচন। নির্বাচন হয়েছে, কিন্তু সংস্কার ও বিচারের প্রশ্নে এখনো কোনো অগ্রগতি দেখা যাচ্ছে না। নির্বাচনের পর যারা দায়িত্ব গ্রহণ করেছেন, বিএনপি সরকারের ওপর স্বাভাবিকভাবেই এই দুটি বিষয় সমাধানের দায়িত্ব ছিল। তিনি বলেন, সংস্কারের প্রশ্নে এই সরকার জনগণের বিপক্ষে অবস্থান নিয়েছে। গণভোটে ৭০ শতাংশ মানুষ হ্যাঁ-এর পক্ষে রায় দিয়েছেন। কিন্তু সরকার সেই গণভোটকে অস্বীকার করার পথ অবলম্বন করেছে। গণভোটের রায় আসার পরও যারা জুলাই সনদের আইনি ভিত্তি আছে কি না, সেই প্রশ্ন তুলছেন, তারা আসলে জনগণের রায়কে অস্বীকার করছেন। স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করে এনসিপির সদস্যসচিব বলেন, স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, জুলাই সনদের রাজনৈতিক ভিত্তি আছে, আইনি ভিত্তি নেই। আমরা তাকে স্মরণ করিয়ে দিতে চাই, জাতীয় নাগরিক পার্টি জুলাই সনদ স্বাক্ষরের সময় দাবি জানিয়েছিল, এটি বাস্তবায়নের কার্যকর আইনি ভিত্তি তৈরি হওয়ার পরই এনসিপি সনদে স্বাক্ষর করবে। সংস্কারের অ্যাজেন্ডাগুলো জনগণের গণভোটে পাস হয়ে এসেছে। জুলাইয়ের প্রতিটি বিষয় জনগণের ভোটে পাস হওয়ার পর এর রাজনৈতিক ভিত্তিও আছে, আইনি ভিত্তিও আছে এবং সার্বভৌমত্বের স্বীকৃতিও আছে। এখান থেকে সরে আসার কোনো সুযোগ নেই। জুলাই গণহত্যার বিচার প্রসঙ্গে আখতার হোসেন বলেন, আওয়ামী লীগের যারা বিভিন্নভাবে মানবতাবিরোধী অপরাধ ও হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত, তাদের বিষয়ে এখনো কোনো রায় কার্যকর হতে দেখা যায়নি। বরং উল্টো ঘটনা ঘটছে। ভয়ংকর অপরাধীদের সাজা কমিয়ে দেওয়া হচ্ছে। যাদের হাতের নাগালে পাওয়া যাচ্ছে, তাদের কম সাজা দেওয়া হচ্ছে। পরিস্থিতি দেখে মনে হচ্ছে, জুলাই গণহত্যার বিচার ঝুলিয়ে রাখার এক ধরনের চিন্তা সরকারের মধ্যে রয়েছে। তিনি বলেন, সরকার গঠনের পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিম পরিবর্তন করা হয়েছে। সরকার তাদের মতাদর্শের আইনজীবীদের দিয়ে নতুন টিম গঠন করেছে। এতে আমাদের আপত্তি নেই। কিন্তু বিচার কার্যক্রমের অগ্রগতি কোথায়? আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে যতটুকু বিচার হচ্ছে, বাংলাদেশের নিম্ন আদালতগুলোতে কোথাও বিচারের অগ্রগতি দেখা যাচ্ছে না। এনসিপির এই নেতা বলেন, বিভিন্ন জায়গায় অপরাধীদের ছাড় দেওয়ার জন্য নানা ধরনের সমঝোতা করে চূড়ান্ত প্রতিবেদন দিয়ে মামলা শেষ করে দেওয়া হচ্ছে বলে আমরা শুনছি। যারা গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধ করেছে, তাদের সঙ্গে সমঝোতা করে মামলা থেকে খালাস দেওয়ার পথ বেছে নিলে তারা আপনাদেরও ছাড়বে না। বাংলাদেশের জনগণও আপনাদের ছাড়বে না। দীর্ঘ সময় ধরে আওয়ামী লীগের কারণে যারা গুম, খুন, গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের শিকার হয়েছেন, সেই মানুষগুলো আওয়ামী লীগকে ছাড় দেওয়ার বিষয়টি কোনোভাবেই মেনে নেবে না।

খারাপ ফলাফল করা শিক্ষাপ্রতিষ্ঠান

কম, সেগুলোকে জবাবদিহির আওতায় আনার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। রোববার (১ নভেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান। শিক্ষামন্ত্রী জানান, পাসের হার শূন্য কিংবা আশঙ্কাজনকভাবে কম, এমন শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে জবাবদিহির আওতায় আনতে এক সপ্তাহের মধ্যে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে, শনিবার (৩১ অক্টোবর) প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফলাফলে দেখা যায়, এ বছর দেশের ২৯৩টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে একজন শিক্ষার্থীও পাস করতে পারেননি। গত বছর এমন প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২০২টি। অর্থাৎ গত বছরের তুলনায় এবার শূন্য পাস করা শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে ৯১টি। এ বছরের পরীক্ষায় শতভাগ পাস করেছে এমন শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা মাত্র ১৩৯টি।

ইউরোপের দেশগুলো রোহিঙ্গা

সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেন, নরওয়েসহ ইউরোপের অন্যান্য দেশ বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসনে সাহায্য করতে পারে। স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্রান্ডসেন। রোববার (১ নভেম্বর) স্পিকারের কার্যালয়ে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। স্পিকার বলেন, নরওয়ে ও বাংলাদেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের পর থেকে বিস্তার লাভ করে। বিশ্বের গণতান্ত্রিক দেশসমূহের মধ্যে নরওয়ে অন্যতম। বাংলাদেশে সংসদীয় গণতন্ত্র বিস্তারে নরওয়ে সবসময় সহযোগিতা করে আসছে। তিনি আরও বলেন, বিগত ১৭ বছরের স্বৈরাচারী শাসনের মাধ্যমে এদেশের জনগণের গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ হয়েছিল। আওয়ামী লীগ সরকারের প্রহসনের নির্বাচন সংসদীয় গণতন্ত্রকে অবরুদ্ধ করে রেখেছিল। স্বৈরাচারী সরকার গুম, খুন, সন্ত্রাস ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের মাধ্যমে এদেশে ত্রাসের রাজত্ব কায়েম করেছিল। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াসহ তৎকালীন বিরোধীদলের শীর্ষস্থানীয় নেতৃবৃন্দকে বারংবার কারাবরণ করতে হয়েছে। তিনি বলেন, ২৪ এর জুলাই গণ-অভ্যুত্থানের মাধ্যমে স্বৈরাচারী শাসনের অবসান হয় এবং এদেশে পুনরায় গণতান্ত্রিক অগ্রযাত্রা সূচিত হয়। স্পিকার বলেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ছিল বাংলাদেশের ইতিহাসে অন্যতম গ্রহণযোগ্য নির্বাচন। এই নির্বাচনের মাধ্যমে বর্তমান সরকার জনগণের গণতান্ত্রিক আকাঙ্ক্ষা পূরণে কাজ করে যাচ্ছে। বিশ্বব্যাপী মানবাধিকার রক্ষায় বাংলাদেশ সর্বদা অগ্রণী ভূমিকা পালন করছে। নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্রান্ডসেন বলেন, দীর্ঘদিন ধরে জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ অংশগ্রহণ করে আসছে। বাংলাদেশ জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে শান্তিরক্ষী প্রেরণের মাধ্যমে সারাবিশ্বের শান্তিরক্ষায় প্রশংসনীয় ভূমিকা পালন করছে। তিনি বলেন, নরওয়ে বাংলাদেশের সংসদীয় গণতন্ত্রের বিস্তার ও মানবাধিকার সুরক্ষায় সবসময় সহায়তা দিতে প্রস্তুত। সাক্ষাৎকালে তারা উভয়েই দুই দেশের মধ্যে সংসদীয় মৈত্রী গ্রুপ গঠন, সংসদীয় প্রতিনিধির সফর বিনিময় এবং বিশ্বব্যাপী শান্তিরক্ষায় উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ নোবেল শান্তি পুরস্কার নিয়ে মতবিনিময় করেন। এছাড়াও চলমান সংবিধান সংশোধন কমিটির কার্যক্রম ও জুলাই সনদের ব্যাপারে তারা আলোচনা করেন। স্পিকার এ সময় ভোলাসহ বাংলাদেশের সমুদ্র উপকূলীয় এলাকায় তেল ও গ্যাস অনুসন্ধান এবং উত্তোলনের জন্য নরওয়ের কোম্পানিকে আমন্ত্রণ জানান।

মানুষের অধিকার প্রতিষ্ঠায় শরিয়াহর

পৌঁছে দেওয়া, নৈতিকতা ও মানবিক মূল্যবোধ জাগ্রত করা এবং একটি কল্যাণরাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলনে সর্বস্তরের মানুষকে সম্পৃক্ত করার গুরুত্বপূর্ণ উদ্যোগ। দলের প্রত্যেক দায়িত্বশীল ও কর্মীকে ব্যক্তিগত যোগাযোগ, গণসংযোগ এবং সাংগঠনিক কার্যক্রমের মাধ্যমে দাওয়াতি কার্যক্রম সর্বস্তরে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে শতাধিক ব্যক্তি ইসলামী আন্দোলন বাংলাদেশে যোগদান করেন। এসময় ফয়জুল করীম তাদের স্বাগত জানান এবং ইসলামের আদর্শ প্রতিষ্ঠার আন্দোলনে নিষ্ঠা, আন্তরিকতা ও দায়িত্বশীলতার সঙ্গে ভূমিকা রাখার আহ্বান জানান। দলটির ঢাকা মহানগর দক্ষিণের সহ-সভাপতি আলহাজ্ব আব্দুল আউয়াল মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- দলের সহকারী মহাসচিব মাওলানা আহমাদ আবদুল কাইয়ুম ও কেএম আতিকুর রহমান, কেন্দ্রীয় দপ্তর সম্পাদক মাওলানা লোকমান হোসাইন জাফরী, কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (ঢাকা বিভাগ) মাওলানা আরিফুল ইসলাম এবং কেন্দ্রীয় সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণের সেক্রেটারি মাওলানা কেএম শরীয়াতুল্লাহসহ কেন্দ্রীয় ও নগর নেতারা।

স্থানীয় নির্বাচন নিয়ে

জনগণের আস্থা ও বিশ্বাস নষ্ট হয়ে গেলে সরকারের জন্য সামনের চারটি বছর চলা কঠিন হবে। অতএব নিজের দলকে শৃঙ্খলাবদ্ধ রাখা এবং জনগণের আস্থা ধরে রাখা- দুইটা কাজ তারেক রহমানের সামনে। আমরা চাই তিনি সফল হোন।

আহমেদ বায়জীদ, বরিশাল।

১৩ বছরে রাজনৈতিক সহিংসতায় ৭৪৬ জন নিহত, আহত ৪৬ হাজার: টিআইবি

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ১৩ বছর আট মাসে রাজনৈতিক সহিংসতার ৪ হাজার ২৮০টি ঘটনায় অন্তত ৭৪৬ জন নিহত হয়েছে। এসব ঘটনায় আহত হয়েছে ৪৬ হাজার ৩৫১ জন। রাজনৈতিক দলগুলোর মধ্যে সংঘর্ষের পাশাপাশি দলগুলোর অভ্যন্তরীণ কোন্দলও সহিংসতার অন্যতম কারণ হয়ে উঠেছে। এসব ঘটনায় সবচেয়ে বেশি জড়িত ছিল আওয়ামী লীগ ও বিএনপির নেতাকর্মীরা। পাশাপাশি জামায়াত, জাতীয় পার্টি ও জাতীয় নাগরিক পার্টির নেতাকর্মীদেরও কিছু ঘটনায় সংশ্লিষ্টতা পাওয়া গেছে। রোববার (১ নভেম্বর) রাজধানীর ধানমন্ডিতে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) কার্যালয়ে 'বাংলাদেশে রাজনৈতিক দলগুলোর প্রাতিষ্ঠানিক সুশাসন' শীর্ষক গবেষণার ফলাফল প্রকাশ অনুষ্ঠানে এসব তথ্য তুলে ধরা হয়। টিআইবির গবেষণায় ২০১৩ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের আগস্ট পর্যন্ত রাজনৈতিক সহিংসতার চিত্র উঠে এসেছে। মানবাধিকার সংস্থার তথ্য ও বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা করে এসব তথ্য সংগ্রহ করা হয়েছে। গবেষণার তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত আট মাসে রাজনৈতিক সহিংসতায় ৪৬ জন নিহত হয়েছে। আহত হয়েছে ৩ হাজার ৫৯ জন। এদিকে ২০১৩ সাল থেকে ২০২৬ সালের আগস্ট পর্যন্ত রাজনৈতিক দলগুলোর মধ্যে সংঘর্ষে ৪২৮ জন নিহত এবং ২৭ হাজার ৮৬০ জন আহত হয়েছে। এ সময়ে দলগুলোর অভ্যন্তরীণ কোন্দল ও সংঘর্ষের ঘটনা ঘটেছে ১ হাজার ৯২৬টি। এসব ঘটনায় নিহত হয়েছে ৩১৮ জন এবং আহত হয়েছেন ১৮ হাজার ৪৯১ জন। গবেষণায় বলা হয়, রাজনৈতিক দলগুলোর মধ্যে ক্ষমতার চর্চা, প্রভাব বিস্তার এবং অভ্যন্তরীণ জবাবদিহির অভাব সহিংসতার ঝুঁকি বাড়াচ্ছে। বিশেষ করে প্রভাবশালী রাজনৈতিক দলগুলোর মধ্যে ক্ষমতার অপব্যবহারের প্রবণতা ছড়িয়ে পড়ছে। সংবাদ সম্মেলনে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, রাজনৈতিক দলগুলোর মধ্যে জবাবদিহি ও সুশাসনের ঘাটতি রয়েছে। প্রভাবশালী রাজনৈতিক দলগুলোর ভেতরে ক্ষমতার অপব্যবহার ছড়িয়ে পড়ছে। তিনি বলেন, রাজনৈতিক দলগুলোর ক্ষমতার চর্চার কারণে রাজনৈতিক সহিংসতা বাড়ছে। তিনি আরও বলেন, রাজনৈতিক দলগুলোর প্রাতিষ্ঠানিক জবাবদিহি নিশ্চিত না হলে দলগুলোর ভেতরে ক্ষমতার অপব্যবহার ও সহিংসতার প্রবণতা নিয়ন্ত্রণ করা কঠিন হবে।

তাহসিফ হত্যা মামলা: সেই তরুণী ৪ দিনের রিমান্ডে

কীর্তনখোলা ডেস্ক

বিমানবাহিনীর সাবেক ফ্লাইট লেফটেন্যান্ট কে এম তাহসিফ সাউরির মৃত্যুর ঘটনায় করা হত্যা মামলায় গ্রেপ্তার তরুণীকে চার দিনের রিমান্ডে নেওয়া হয়েছে। আজ রোববার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রিপন হোসেন এই রিমান্ড মঞ্জুর করেন।

দুপুরের পরপরই ওই তরুণীকে আদালতে হাজির করে পুলিশ। মামলার তদন্ত কর্মকর্তা নৌ পুলিশের ঢাকা অঞ্চলের টঙ্গী ফাঁড়ির পরিদর্শক ফিরোজ উদ্দিন তাঁকে সাত দিনের রিমান্ডে নেওয়ার আবেদন করেন। শুনানি শেষে আদালত চার দিন রিমান্ড মঞ্জুর করেন।

রাষ্ট্রপক্ষের আইনজীবী মুহাম্মদ শামসুদ্দোহা সুমন রিমান্ডের বিষয়টি নিশ্চিত করেছেন।

এর আগে গতকাল শনিবার (৩১ অক্টোবর) দিবাগত রাত ২টার দিকে ওই তরুণীকে রাজধানীর ইব্রাহিমপুর এলাকার একটি বাসা থেকে আটক করে পুলিশ। নিখোঁজ হওয়ার আগে তাহসিফের সঙ্গে বিভিন্ন স্থানে ঘোরাঘুরি করতে দেখা গিয়েছিল ওই তরুণীকে। শনিবার ওই তরুণীকে আটকের পর হেফাজতে নিয়েছিল পুলিশ। এরপর আজ রোববার তাঁকে এই মামলায় গ্রেপ্তার দেখিয়ে রিমান্ড আবেদন করা হয়।

ফেসবুকে 'জয় বাংলা' পোস্টের প্রতিবাদ

দায়িত্ব পালন করছেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে লিমন জানান, প্রায় এক মাস আগে সিয়াম হোসেন ফকির তার ফেসবুক আইডি থেকে 'জয় বাংলা' স্লোগানসংবলিত একটি পোস্টসহ বিএনপিবিরোধী একাধিক পোস্ট করেন। গত ১৫ অক্টোবর বিকেল ৫টার দিকে সিয়ামকে একা পেয়ে ফেসবুকে 'জয় বাংলা' লেখার কারণ জানতে চাইলে তিনি গালিগালাজ করেন এবং দেখে নেওয়ার হুমকি দেন। লিখিত অভিযোগে তিনি আরও জানান, গত ১৭ অক্টোবর সকাল আনুমানিক ১১টার দিকে কামারকাঠি বাজারে যাওয়ার পথে সিয়াম হোসেন ও তার বাবা আবুল হোসেনসহ অজ্ঞাতনামা আরও ৫-৬ জন তার পথরোধ করেন। এসময় আবুল হোসেনের হাতে থাকা লোহার রড দিয়ে পেছন থেকে মাথায় আঘাত করা হয়। এতে তার মাথার পেছনে জখম হয়। পরে সিয়াম হোসেনের হাতে থাকা লোহার রড দিয়ে বাম পায়ে আঘাত করলে হাড় ভেঙে যায় বলে অভিযোগ করেন তিনি। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এ ঘটনায় আদালতে মামলা দায়ের করেছেন জানিয়ে লিমন বলেন, মামলা করার পর আসামিরা জামিনে বের হয়ে তাকে জীবননাশের হুমকি দিচ্ছেন। তবে অভিযোগ অস্বীকার করে সিয়াম হোসেন ফকিরের বাবা আবুল হোসেন বলেন, তার ছেলে ভুলবশত ফেসবুকে একটি ফটোকার্ড শেয়ার করেছিলেন। এ নিয়ে ভুল বোঝাবুঝির একপর্যায়ে মারামারির ঘটনা ঘটে। লিমনকে জীবননাশের কোনো হুমকি দেওয়া হয়নি দাবি করে তিনি বলেন, আওয়ামী লীগের সমর্থক হওয়ায় উল্টো তাদের হুমকি দেওয়া হচ্ছে। এ বিষয়ে জলাবাড়ি ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান মো. মেহেদী সরোয়ার বলেন, ফেসবুকে 'জয় বাংলা' স্লোগান পোস্ট করার বিষয়ে জানতে চাওয়ায় ছাত্রদল নেতা শরীয়ত উল্লাহ লিমনকে সিয়াম ও তার বাবা মারধর করেছেন। এ ঘটনায় আদালতে মামলা হয়েছে। আসামিরা জামিনে বের হয়ে পুনরায় হুমকি দিচ্ছেন বলেও তিনি শুনেছেন। ফেসবুকে পোস্ট করার প্রতিবাদ করায় এ ধরনের হামলা করা কোনোভাবেই ঠিক হয়নি। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন পিরোজপুর জেলা ছাত্রদলের সাবেক সহ-সাধারণ সম্পাদক মো. মাসুম বিল্লাহ, নেছারাবাদ উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. আবির খান, শহীদ স্মৃতি ডিগ্রি কলেজের সাবেক আহ্বায়ক আরিফুল ইসলাম মোল্লা, কলেজের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো. কাইয়ুম, জলাবাড়ি ইউনিয়ন ছাত্রদল নেতা মো. আবীর, মো. ইয়াদুল ইসলামসহ ইউনিয়ন ছাত্রদলের নেতাকর্মীরা।

রাজাপুরে মাদ্রাসায় অনুপস্থিত

নানা অনিয়ম ও অসংগতির সত্যতা পান। মাত্র কয়েকজন শিক্ষার্থীর দেখা মেলে মাদ্রাসায়। পরিদর্শনের পরে রাজাপুর উপজেলা প্রশাসনের অফিসিয়াল ফেজবুক আইডিতে পরিদর্শনের ছবিসহ একটি পোস্ট দেয়া হয়। সেখানে জানানো হয় মাদ্রাসাটির অনিয়ম ও অসংগতির সত্যতা পাওয়া গেছে। এ বিষয় উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে। সংশ্লিষ্ট সূত্র ও এলাকাবাসী জানান, মাদ্রাসাটির পাশ্ববর্তী একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমিতে তিন চারটি রুম উঠিয়ে মাদ্রাসাটির কার্যক্রম চলে। মাদ্রাসাটির সুপার মো. মাসুম বিল্লাহ নিজে এবং অন্যান্য শিক্ষকরাও মাদ্রাসায় আসেননা। শিক্ষার্থী কাগজে কলমে ২০০ শিক্ষার্থী থাকলেও বাস্তবে তাদের ক্লাস করতে দেখা যায়না। এনটিআরসির মাধ্যমে নিয়োগকৃত ইংরেজি বিষয়ের সহকারী শিক্ষক নিপা সাহা ও জুনিয়র শিক্ষক সানজিদা হাসনাতকে কেউ কোনদিন মাদ্রাসায় দেখেননি। জানা গেছে নিপা সাহার নামে প্রতি মাসে উত্তোলন করা হয় ১৬ হাজার ২৮৭ টাকা এবং সানজিদা হাসনাতের নামে উত্তোলন করা হয় ১২ হাজার ৭৯৩ টাকা। অভিযোগ রয়েছে মাদ্রাসার সুপার এবং অনুপস্থিত শিক্ষক দুইজন এই টাকা ভাগাভাগি করে নেন। এছাড়া এই মাদ্রাসায় মোট বেতন উত্তোলন করা হয় প্রতি মাসে ৪ লাখ ২৩ হাজার ৮২৮ টাকা। রাজাপুর পুটিয়াখালী রুপালি ব্যাংক থেকে এই টাকা উত্তোলন করা হয়। শিক্ষক-কর্মচারি মিলে মাদ্রাসার মোট স্টাফ সংখ্যা ১৭ জন। তবে একজন মারা যাওয়ায় এখন আছে ১৬ জন। মোট উত্তোলন থেকে এখন একজনের বেতন বাদ যাবে। এলাকাবাসী জানান গত ২৮ অক্টোবর মাদ্রাসা পরিদর্শনে এসে উপজেলা নির্বাহী কর্মকর্তা হাজিরা খাতায় মাদ্রাসা সুপারের গত তিনদিনের কোন স্বাক্ষর পাননি। এছাড়া মাত্র কয়েকজন শিক্ষক -শিক্ষার্থীকে পান। এ বিষয় রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরী বলেন, অনেক ক্লাশের হাজিরা খাতা টানা নাই, দুই তিন মাসের বেশি। একটা ক্লাশের মধ্যে দুই তিনটা ক্লাশ করছে। শিক্ষার্থীদের তেমন উপস্থিতি ছিল না। শিক্ষক তিনজন অনুপস্থিত কোনো ধরনের দরখাস্ত ছাড়া। এছাড়া দুই দিন ধরে সুপার অনুপস্থিত ছিল।যে যে বিষয়ে অসঙ্গতি পেয়েছি সে বিষয়ে লিখিত জবাব চেয়েছি। এ বিষয় ঝালকাঠির অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. বশির গাজী বলেন, মাদ্রাসাটির বিরুদ্ধে যেসব অভিযোগ রয়েছে তার সত্যতা পাওয়া গেছে। রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা পরিদর্শনে গিয়ে অভিযোগের সত্যতা পেয়েছেন। তিনি রিপোর্ট করার পরে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। অভিযোগের বিষয় জানতে চাইলে উত্তর পালট নেছারিয়া হামেদিয়া দাখিল মাদ্রাসার সুপার মাছুম বিল্লাহ বলেন এনটিআরসিএর মাধ্যমে নিয়োগকৃত দুইজন শিক্ষকের একজন বিএড করছে আরেকজন অসুস্থ। হাজিরা খাতায় না যাবার বিষয়টি তিনি অস্বীকার করেন। ইউএনওর পরিদর্শনের দিন কেন মাদ্রাসায় অনুপস্থিত ছিলেন জানতে চাইলে তিনি স্ত্রীর অসুস্থতার কথা বলেন। পরিদর্শনে অনিয়মের সত্যতা পাওয়া গেছে জানতে চাইলে তিনি বলেন এ ব্যাপারে তার কাছে লিখিত ব্যাখ্যা চাইলে যথযথ কর্তৃপক্ষের কাছে তিনি জবাব দেবেন।

নিষেধাজ্ঞা শেষে হতাশ জেলেরা

খরচও। জেলেদের অভিযোগের বিষয়ে সরেজমিনে ভোলা সদর উপজেলার ইলিশা ও তুলাতুলি মাছঘাট ঘুরে দেখা যায়, মেঘনা নদীর তীরে বাঁধা বড় বড় ফিশিংবোট থেকে প্লাস্টিকের ট্রেতে করে ডিমওয়ালা ইলিশ আড়তে তোলা হচ্ছে। এসব বোটে থাকা ইলিশের প্রায় ৭০ শতাংশই ডিমওয়ালা বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। অনেক মাছের গায়ে লালচে বর্ণও দেখা গেছে। এদিকে, চরফ্যাশন উপজেলার সামরাজ মাছঘাট ও আশপাশের এলাকায় পচা ইলিশের দুর্গন্ধ ছড়িয়ে পড়েছে বলে স্থানীয়দের অভিযোগ। তাদের দাবি, নিষেধাজ্ঞার মধ্যে শিকার করা ইলিশ বোটে মজুত রাখা হয়েছিল। নিষেধাজ্ঞা শেষে বোটগুলো ঘাটে ফিরতে শুরু করলে দীর্ঘদিন সংরক্ষণে থাকা মাছের একটি অংশ পচে যায়। পরে সেসব মাছ তীরে ও খালে ফেলে দেওয়া হচ্ছে। নিষেধাজ্ঞার মধ্যেই মাছ ধরার কথা স্বীকার করেছেন ইলিশা মাছঘাটে বোট নিয়ে আসা মালিক আবু তাহের। তিনি বলেন, নিষেধাজ্ঞা শেষ হওয়ার ৪ দিন আগে ইলিশ ধরতে বের হন। নিষেধাজ্ঞা শেষ হওয়ার পর অর্থাৎ মোট ৬ দিন পর ঘাটে ফেরেন। ছোট-বড় মিলিয়ে প্রায় এক হাজার পিস ইলিশ ধরেছেন। ৫ লাখ টাকার ইলিশ বিক্রি করেছেন। তবে দীর্ঘদিন বোটে মজুত থাকায় কিছু মাছ নষ্ট হয়েছে এবং অধিকাংশই লালচে বর্ণ ধারণ করেছে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, যে যে ঝামেলা করতে চাইছে তাকেই ম্যানেজ করেছি। শত শত বোট নিষেধাজ্ঞার মধ্যে ইলিশ ধরেছে। এবারের নিষেধাজ্ঞা অতোটা কড়াকড়ি হয়নি। তার সঙ্গে একই ধরনের কথা বলেন পাশের ট্রলারের জেলে শাহে আলম, নাজিমুদ্দিন, ইয়াছিন, লোকমান, রহিম ও রশিদ বেপারী। অন্যদিকে নদীতে গিয়ে কাঙ্ক্ষিত ইলিশ না পেয়ে হতাশ হয়ে ফেরা জেলে সহিদুল, আব্দুল্লাহ, কবির, মনির, সাইদুল ও জাহিদ বলেন, নিষেধাজ্ঞা ছিল শুধু দরিদ্র জেলেদের জন্য। প্রভাবশালীদের জেলেরা অবাধে মা ইলিশ শিকার করে বোটে মজুত রেখেছেন। এখন নিষেধাজ্ঞা শেষ হওয়ায় সেসব বোট ঘাটে ভিড়িয়ে মাছ বিক্রি করছেন। তারা আরও বলেন, নিষেধাজ্ঞার মধ্যে মা ইলিশ শিকার করায় এখন নদীতে গিয়ে কাঙ্ক্ষিত মাছ পাওয়া যাচ্ছে না। এমনকি জ্বালানি খরচও উঠছে না। অন্যান্য বছর এ সময়ে নদীতে গিয়ে কিছু 'জমা ইলিশ' পাওয়া যেত। এবার তা-ও মিলছে না। এতে ইলিশের ভবিষ্যৎ নিয়েও শঙ্কায় রয়েছেন তারা। সামরাজ মৎস্যঘাটের সভাপতি মো. আজিজ বলেন, এ বছর মা ইলিশ রক্ষা অভিযানে মৎস্য বিভাগ ও প্রশাসনের উদাসীনতার কারণে কিছু জেলে ইলিশ শিকার করেছেন। এ বিষয়ে প্রশাসনের আরও কঠোর হওয়া দরকার ছিল। তাহলে নিষেধাজ্ঞার মধ্যে মা ইলিশ ধরা বন্ধ করা যেত বলে তিনি মনে করেন। তবে নিষেধাজ্ঞা বাস্তবায়নে যথাসাধ্য চেষ্টা করার কথা জানিয়েছেন ভোলা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ দেলোয়ার হোসাইন। তিনি বলেন, মা ইলিশ রক্ষা অভিযানের ২২ দিনে ভোলার সাত উপজেলা থেকে ২১৫ জন জেলেকে আটক করে জেল-জরিমানা করা হয়েছে। এ সময় জাল ও মাছের পাশাপাশি ১৬টি ট্রলার এবং ৩৮টি নৌকা জব্দ করা হয়েছে। তিনি আরও বলেন, সীমিত জনবল নিয়েও নিষেধাজ্ঞা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করেছেন তারা। তবে প্রকল্প ও সরকারি পর্যায় থেকে প্রয়োজনীয় লজিস্টিক সহায়তা না পাওয়ায় নিষেধাজ্ঞা পুরোপুরি বাস্তবায়নে বেগ পেতে হয়েছে।

চাকরির প্রলোভন দেখিয়ে

হাজার টাকা হাতিয়ে নেন। পাশাপাশি স্থানীয় আরও চার থেকে পাঁচজনের কাছ থেকে প্রায় ১৫ হাজার টাকা আত্মসাৎ করেছেন তিনি। শনিবার আবারও টাকা নিতে এলে শিক্ষার্থী ও স্থানীয়রা একত্র হয়ে তার প্রতারণার বিষয়টি বুঝতে পেরে তাকে আটক করে পুলিশের হাতে তুলে দেন। বরিশাল বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেন জানান, চাকরির প্রলোভন দেখিয়ে বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী ও স্থানীয় কয়েকজনের কাছ থেকে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে এক ব্যক্তিকে ভোলা রোডে আটক করে বন্দর থানা পুলিশের কাছে সোপর্দ করেছেন কয়েকজন ভুক্তভোগী। থানায় নিয়ে আসার পর তার বিরুদ্ধে পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়া হবে বলে জানান তিনি।

ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'মুরাসু'

অন্ধ্র প্রদেশ উপকূলে আঘাত হানতে পারে। এ সময় বাতাসের গতিবেগ ঘণ্টায় ৮০ থেকে ৯০ কিলোমিটার হতে পারে। দমকা হাওয়ার গতিবেগ ঘণ্টায় ১০০ কিলোমিটার পর্যন্ত পৌঁছাতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আইএমডি। ঘূর্ণিঝড়ের প্রভাবে অন্ধ্র প্রদেশ ও উড়িষ্যার উপকূলীয় এলাকায় সতর্কতা জারি করা হয়েছে। নিচু এলাকা ও পাহাড়ি অঞ্চল থেকে মানুষকে সরিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। ভারতের আবহাওয়া অধিদপ্তরের মহাপরিচালক মৃত্যুঞ্জয় মহাপাত্র জানান, দক্ষিণ-পশ্চিম ও এর সংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত গভীর নিম্নচাপটি শক্তিশালী হয়ে ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে। ঘূর্ণিঝড়টি আগামী ৩ নভেম্বর ভোরে অন্ধ্র প্রদেশ উপকূলে আঘাত হানতে পারে। মহাপাত্র বলেন, ঘূর্ণিঝড়টি আরও শক্তিশালী হয়ে প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সামান্য আশঙ্কাও রয়েছে। তবে আপাতত এটি ঘূর্ণিঝড় হিসেবেই উপকূলে আঘাত হানবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। ঘূর্ণিঝড়টির নাম 'মুরাসু' রেখেছে ভারত। তামিল ভাষায় 'মুরাসু' শব্দের অর্থ ঢোল। ঘূর্ণিঝড়ের প্রভাবে উড়িষ্যার উপকূলীয় এলাকাতেও আবহাওয়ার অবনতি হতে পারে। ভারতের আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, আগামী ২ নভেম্বর সন্ধ্যা থেকে ৪ নভেম্বর দুপুর পর্যন্ত উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং দক্ষিণ উড়িষ্যা উপকূলের কাছাকাছি এলাকায় জেলেদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। পরবর্তী ২৪ ঘণ্টায় উড়িষ্যার বিভিন্ন এলাকায় বিক্ষিপ্ত বৃষ্টিপাত হতে পারে। কোথাও কোথাও বজ্রপাত, বিদ্যুৎ চমকানো এবং ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। উড়িষ্যার দুর্যোগ ব্যবস্থাপনামন্ত্রী সুরেশ পূজারি জানিয়েছেন, রাজ্যের দক্ষিণাঞ্চলে ইতিমধ্যে উচ্চ সতর্কতা জারি করা হয়েছে। নিচু এলাকা ও পাহাড়ি অঞ্চলের বাসিন্দাদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

চার মাসে রপ্তানি আয় ১৭ বিলিয়ন

বছরের ব্যবধানে রপ্তানি আয় বেড়েছে প্রায় ৯৬ কোটি ডলার বা ৬ শতাংশ। রপ্তানি আয়ের এই প্রবৃদ্ধিতে সবচেয়ে বেশি অবদান রেখেছে তৈরি পোশাক খাত। আলোচ্য সময়ে নিটওয়্যার রপ্তানি ৭ শতাংশ বেড়ে ৭ দশমিক ৭১ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। অন্যদিকে ওভেন পোশাক রপ্তানি বেড়েছে ৪ দশমিক ৮ শতাংশ। এ খাতে রপ্তানি আয় হয়েছে ৬ বিলিয়ন ডলার। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, জুলাই-অক্টোবর সময়ে মোট পণ্য রপ্তানির প্রায় ৮০ দশমিক ৪ শতাংশ এসেছে নিটওয়্যার ও ওভেন পোশাক খাত থেকে। সামগ্রিক রপ্তানি আয় বৃদ্ধির প্রায় ৮১ শতাংশ অবদানও তৈরি পোশাক খাতের। তবে পোশাকের বাইরে কয়েকটি খাতেও রপ্তানি আয় বেড়েছে। এর মধ্যে পাট ও পাটজাত পণ্যে প্রবৃদ্ধি হয়েছে ২৩ দশমিক ৮ শতাংশ। চামড়া ও চামড়াজাত পণ্যে ১২ দশমিক ৭ শতাংশ এবং রাসায়নিক পণ্যে ২৭ দশমিক ৩ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। এসব খাতে রপ্তানি আয় দাঁড়িয়েছে যথাক্রমে ৩৮ কোটি ৩০ লাখ, ৪৬ কোটি ৪০ লাখ এবং ১৫ কোটি ৭০ লাখ ডলার। এছাড়া হোম টেক্সটাইল ও পাদুকা রপ্তানিতে প্রবৃদ্ধি হয়েছে যথাক্রমে ৭ দশমিক ৪ শতাংশ ও ৯ দশমিক ৭ শতাংশ। অন্যদিকে কয়েকটি পণ্য খাতে রপ্তানি আয় কমেছে। আলোচ্য সময়ে কৃষিপণ্যের রপ্তানি কমেছে ১৩ দশমিক ৫ শতাংশ। হিমায়িত ও জীবন্ত মাছ রপ্তানি কমেছে ১০ দশমিক ৯ শতাংশ। এ ছাড়া তুলা ও তুলাজাত পণ্যের রপ্তানি কমেছে ১০ দশমিক ২ শতাংশ। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, সামগ্রিক রপ্তানি আয়ে ইতিবাচক প্রবৃদ্ধি বজায় থাকলেও তৈরি পোশাক খাতের ওপর নির্ভরতা এখনো বেশি। তবে পাট, চামড়া ও রাসায়নিক পণ্যের মতো কয়েকটি অপ্রচলিত ও পোশাকবহির্ভূত খাতে প্রবৃদ্ধি রপ্তানি পণ্যের বহুমুখীকরণের সম্ভাবনা তৈরি করছে। এ প্রবৃদ্ধি ধরে রাখতে পণ্যের মান উন্নয়ন, নতুন বাজার অনুসন্ধান এবং পিছিয়ে থাকা খাতগুলোর সমস্যা সমাধানে গুরুত্ব দেওয়ার প্রয়োজন রয়েছে।

সুপারি পাড়তে গিয়ে বিদ্যুৎস্পর্শে

ওপর পড়ে যান। এতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আনোয়ার হোসেন বলেন, বিদ্যুৎস্পর্শে সাবেক ইউপি সদস্য আবুল বাশারের মৃত্যুর খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

উজিরপুরে বিএনপি নেতার

কর্মকাণ্ডে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। কোনো ব্যক্তির ব্যক্তিগত কর্মকাণ্ডের দায় দল নিতে পারে না। এ অবস্থায় তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া এবং দল থেকে বহিষ্কারের দাবি জানিয়েছেন তারা। ভিডিওটি ছড়িয়ে পড়ার বিষয়ে জানতে চাইলে নান্নু বালীর দাবি, ভিডিওটি কে বা কারা ছড়িয়েছেন, তা তিনি জানেন না। এটি এআই দিয়ে তৈরি করা হয়েছে। এ ঘটনায় দুই মাস আগে থানায় জিডি করেছেন। এ ঘটনা নিয়ে সংবাদ প্রকাশ করা হলে সংশ্লিষ্ট সাংবাদিকের বিরুদ্ধে মামলা করার হুমকিও দিয়েছেন তিনি। সাতলা ইউনিয়ন বিএনপির সভাপতি মেজবাহ উদ্দিন বলেন, 'আমি ভিডিওটি অনেক আগেই দেখেছি এবং বিষয়টি উপজেলা বিএনপির নেতারাও জানেন। বিষয়টি জানার পরও দলের সংশ্লিষ্ট নেতারা কোনো পদক্ষেপ নেননি। ভিডিওটি নিয়ে আমি আগেও বলেছি, কিন্তু কেউ কোনো পদক্ষেপ নেননি।' উজিরপুর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি এস এম আলাউদ্দিন বলেন, 'আমি এ ধরনের কোনো ভিডিও দেখিনি। তবে এ ধরনের অভিযোগ আমাদের কাছে এলে দলীয় ফোরামে আলোচনা করে সাংগঠনিক সিদ্ধান্ত নেওয়া হবে।' বিদ্যালয়ের প্রধান শিক্ষক সর্বেশ্বর বিশ্বাস বলেন, 'আমি ভিডিওটি দেখিনি। নান্নু বালীর বিরুদ্ধে এমন অভিযোগ এলে এ বিষয়ে প্রশাসন সিদ্ধান্ত নিতে পারে।' উজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রফিকুল ইসলাম বলেন, 'ঘটনাটি পুরোনো। নান্নু বালী থানায় জিডি করে থাকলে সেটি তদন্ত করা হচ্ছে। তবে তিনি জিডি করেছেন কি না, তা নিশ্চিত নই।' মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশালের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. জসিম উদ্দিন বলেন, আমরা আসলে এ ধরনের ব্যক্তিদের দিয়ে কমিটি অনুমোদন করি না। এটা আমাদের কাছে পাঠিয়েছেন স্কুলের প্রধান শিক্ষক ও ইউএনও। আমরা যাচাই করিনি, তাদের পাঠানো নামকেই সত্যি হিসেবে ধরে নিয়েছি। এখন অভিযোগ এলে আমরা তদন্তে যেতে পারি। তবে এসব বিষয় প্রধান শিক্ষকের না জানার কথা নয়। ভালো মানুষদের নিয়েই শিক্ষাপ্রতিষ্ঠান চলা উচিত বলে আমি মনে করি।

কাফন গায়ে প্রশাসক

নিজের বসতভিটায় নিরাপদে বসবাস করতে না পেরে প্রশাসনের দৃষ্টি আকর্ষণে আমরণ অনশনে বসেছেন তিনি। আজাহার আলীর দাবি, সরকারি ঘর বরাদ্দ পেলেও নানা জটিলতা ও বাধার কারণে সেটির নির্মাণকাজ শেষ করা যাচ্ছে না। ফলে সরকারি সহায়তা পাওয়ার পরও ঘরটি তার কাজে আসছে না। অভিযোগে জানা গেছে, চলতি বছর ১৪ সেপ্টেম্বর বিকেল সাড়ে ৩টার দিকে পটুয়াখালী পৌরসভার পুরাতন ফেরিঘাট এলাকায় তার বসতঘরে হামলার ঘটনা ঘটে। এ ঘটনায় পটুয়াখালী সদর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন তিনি। অভিযোগে স্থানীয় কামাল গাজী (৫০), ফারুক গাজী (৪৫), শামীম (৪০), লিটন (৫৫) এবং অজ্ঞাতনামা আরও ২০ থেকে ২৫ জনকে অভিযুক্ত করা হয়েছে। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান বলেন, অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। মুক্তিযোদ্ধার অনশনের বিষয়ে জানতে জেলা প্রশাসক চৌধুরী আশরাফ করিমের বক্তব্য জানতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন কল রিসিভ করেননি।



কাউখালীতে নানা আয়োজনে জাতীয় যুব দিবস পালিত

কাউখালী প্রতিনিধি

সারা দেশের ন্যায় পিরোজপুরের কাউখালীতে নানা আয়োজনের মধ্য দিয়ে জাতীয় যুব দিবস উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে ১লা নভেম্বর (রবিবার) সকাল ১০ ঘটিকার সময় উপজেলা পরিষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য যুব র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা রেহেনা আক্তারের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আবু কাওসার। তিনি বলেন,দেশের বেকারত্ব দূরীকরণ, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক উন্নয়নে যুবসমাজকে দক্ষ ও উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে হবে। যুবকদের শুধু চাকরির পেছনে না ছুটে প্রশিক্ষণ ও সরকারি সহায়তা কাজে লাগিয়ে ঘরে বসেও বিভিন্ন উদ্যোগ গ্রহণের আহ্বানও জানানো হয়। এ সময় যুবকদের মাঝে যুব ঋণের চেক বিতরণ করা হয়। উদ্যোক্তাদের মাঝে বক্তব্য রাখেন, উপজেলার ৪নং ইউনিয়নের উদ্যোক্তা নাজমুল হাসান। তিনি বলেন, যুবকদের সংগঠিত করে যুব সংগঠন গড়ে তুলতে হবে। এর মাধ্যমে বেকারত্বের সমস্যা অনেকাংশে কমিয়ে আনা সম্ভব হবে। উদ্যোক্তাদের সমস্যা ও সম্ভাবনা চিহ্নিত করতে প্রতি মাসে যুবকদের নিয়ে পরামর্শ সভা ও প্রকল্প পরিদর্শনের ব্যবস্থা করার ওপরও তিনি গুরুত্বারোপ করেন। এ সময় তিনি আম্পানে তাঁর মৎস্য প্রকল্পে প্রায় ৩ লাখ টাকার ক্ষতি হলেও সংশ্লিষ্ট দপ্তর থেকে প্রত্যাশিত সহযোগিতা পাননি বলেও উল্লেখ করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা প্রদীপ কুমার, বিআরডিবি কর্মকর্তা মোঃ মাসুম মিয়া,সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা মুজিবুর রহমান এবং উপজেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক মোঃ ইউসুফ আলী আকনসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,প্রশিক্ষণার্থী ও স্থানীয় যুব উদ্যোক্তাবৃন্দ। যুবকদের দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে বলেও জানা গেছে।

এলজিইডির সিদ্ধান্তহীনতায়

গেছে, ২০২৩-২৪ অর্থবছরে মঠবাড়িয়া-মিরুখালী সড়কের প্রায় ৭ কিলোমিটার অংশ ১২ ফুট থেকে ১৮ ফুটে প্রশস্তকরণের উদ্যোগ নেওয়া হয়। এ প্রকল্পের জন্য বরাদ্দ দেওয়া হয় ১২ কোটি ৫০ লাখ টাকা। তবে কাজ শুরুর পরই সড়কের দুই পাশের গাছ অপসারণ নিয়ে জটিলতা দেখা দেয়। নিয়ম অনুযায়ী, সড়কের গাছ কাটার আগে সংশ্লিষ্ট এলজিইডি কর্তৃপক্ষকে জেলা পরিষদের সঙ্গে আনুষ্ঠানিক যোগাযোগ করে গাছের মূল্যায়ন প্রতিবেদন তৈরি এবং নিলামপ্রক্রিয়া সম্পন্ন করতে হয়। কিন্তু তৎকালীন জেলা পরিষদ কর্তৃপক্ষের অবহেলা ও দীর্ঘসূত্রতার কারণে নির্ধারিত সময়ে গাছ অপসারণ সম্ভব হয়নি বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এর মধ্যে ৫ আগস্টে সরকার পতনের পর প্রকল্পের মূল ঠিকাদার মিরাজুল ইসলামের ব্যাংক হিসাব জব্দ করা হলে কাজের আর্থিক কার্যক্রম আরও জটিল হয়ে পড়ে। ফলে সাব-ঠিকাদাররা কাজ করেও পরবর্তী বিল উত্তোলন করতে পারেননি।ইতোমধ্যে তারা প্রায় সাড়ে ৩ কোটি টাকা বিল উত্তোলন করতে সক্ষম হলেও বাকি পাওনা আটকে রয়েছে। তবে জনদুর্ভোগ কমাতে প্রতিকূল পরিস্থিতির মধ্যেও হারজি বাজার-সংলগ্ন ২ কোটি ২৭ লাখ টাকা ব্যয়ে নির্মাণাধীন একটি গার্ডার সেতুর কাজ সম্পন্ন করা হয়েছে। সংশ্লিষ্ট সাব-ঠিকাদাররা বলছেন, একদিকে কাজের বিল বকেয়া, অন্যদিকে আর্থিক দায়-দেনা সামাল দিতে গিয়ে তারা চরম বিপাকে পড়েছেন। এ বিষয়ে পিরোজপুর এলজিইডির নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের সিনিয়র সহকারী প্রকৌশলী ও মঠবাড়িয়ার সাবেক উপজেলা প্রকৌশলী জিয়ারুল ইসলাম জানান, মঠবাড়িয়া-মিরুখালী সড়কের প্রায় ৭ কিলোমিটার অংশ প্রশস্তকরণের জন্য ১২ কোটি ৫০ লাখ টাকা বরাদ্দ ছিল। প্রকল্পের আওতায় পৌরসভা অংশের ২০০ মিটার সড়ক আরসিসি করা হয়েছে। এ ছাড়া বিভিন্ন স্থানে সড়কের পাশ ভেঙে যাওয়ায় গাইডওয়াল নির্মাণ করা হয়েছে। তিনি বলেন, ''সাব-ঠিকাদাররা প্রায় সাড়ে ৩ কোটি টাকা বিল উত্তোলন করতে পেরেছেন। কিন্তু মূল ঠিকাদারের ব্যাংক হিসাব জব্দ হওয়ায় পরবর্তী বিল উত্তোলন সম্ভব হয়নি। মূলত সড়কের দুই পাশের গাছ অপসারণে বিলম্বের কারণেই কাজ বাস্তবায়নে এ জটিলতার সৃষ্টি হয়েছে। দীর্ঘদিন ধরে গুরুত্বপূর্ণ এ সড়কের প্রশস্তকরণ কাজ অসমাপ্ত থাকায় স্থানীয় বাসিন্দা ও নিয়মিত যাতায়াতকারীদের মধ্যে অসন্তোষ রয়েছে।''

স্কুলের সীমানা টপকে কক্ষের

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, দুজন নারী নৃত্য পরিবেশন করছেন। তাঁদের সঙ্গে কয়েকজন পুরুষকেও নাচতে দেখা যায়। ভিডিওটি ছড়িয়ে পড়ার পর শিক্ষাপ্রতিষ্ঠানের পরিবেশ ও নিরাপত্তা নিয়ে স্থানীয়দের মধ্যে নানা প্রশ্ন দেখা দিয়েছে। স্থানীয়দের দাবি, ফুটবল টুর্নামেন্টের আয়োজনকে কেন্দ্র করে কোনোভাবেই একটি সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের পরিবেশ ও মর্যাদা ক্ষুণ্ন করা যায় না। ঘটনার সুষ্ঠু তদন্ত করে কক্ষের তালা ভাঙা এবং রাতের আয়োজনের সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করে প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তাঁরা। ফুটবল আয়োজন কমিটির সদস্য ও নারীদের সঙ্গে নাচতে থাকা মোয়াজ্জেম তালুকদার (আলাল) জানান, ফুটবল খেলা শেষে পিকনিকের আয়োজন করা হয়। রাতে বৃষ্টি হলে স্কুলের ভেতরে যাওয়া হয়। ওখানে দুই-একটি নাচ হয়েছে এবং পরে চলে আসা হয়। নাচের সময় ওখানের লোকজন আমাকে টেনে তুলছে এবং আমাকে ভিডিওতে দেখা গেছে। কে বা কারা ভিডিও করেছে, আমি জানি না। তিনি আরও জানান, মেয়ে দুটি এই এলাকার নয়। আমতলী থেকে নিয়ে আসা হয়েছে। চাউলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিনয় কুমার ঢালি বলেন, শুক্রবার তারা এ অনুষ্ঠান করেছেন। আমি আজ জানতে পেরেছি। আমাকে না জানিয়ে কে বা কারা এগুলো করেছে, তা জানি না। আমাদের স্কুলের দেয়াল টপকে ও একটি কক্ষের তালা ভেঙে ভেতরে প্রবেশ করা হয়। এ বিষয়ে তালতলী উপজেলা শিক্ষা কর্মকর্তা আবুল বাশার বলেন, সীমানা টপকে ভেতরে প্রবেশ করে একটি কক্ষের তালা ভেঙে এ আয়োজন করা মোটেও ঠিক হয়নি। আমরা প্রধান শিক্ষককে তলব করেছি। তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও বলেন, যে ভিডিওটি দেখেছি, সেটি স্কুলের ভেতরের। এমন অসামাজিক নাচ-গান করা মোটেই ঠিক হয়নি। তালতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অতীশ সরকার জানান, ঘটনাটি অত্যন্ত দুঃখজনক। সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এমন আয়োজন করা ঠিক হয়নি। বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

স্ত্রীর সঙ্গে অভিমান করে

সঙ্গে নিজ বসতঘরে কথা-কাটাকাটি হয় রবিউলের। পরে স্ত্রী ঘুমিয়ে গেলে রাতের কোনো এক সময়ে তিনি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। সকালে পরিবারের লোকজন ঘুম থেকে উঠে তার ঝুলন্ত মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়। বিষয়টি নিশ্চিত করে লালমোহন থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ নজরুল ইসলাম মজুমদার বলেন, খবর পেয়ে পুলিশ গিয়ে মরদেহটি উদ্ধার করেছে। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হচ্ছে। তবে মৃত্যুর আসল কারণ জানতে মরদেহের ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে নিহতের পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ পাওয়া যায়নি।

ভাণ্ডারিয়ায় বর্ণাঢ্য আয়োজনে

ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো.মনির হোসেন আকন, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ মলাত জোমাদ্দার, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মান্নান হাওলাদার,যুগ্ম আহবায়ক মো.ওয়াসীম মন্নান উৎপল হাওলাদার,যুবদলের সদস্য সচিব এইচ এম শামীম হাওলাদার, প্রধান শিক্ষক সঞ্জীব কুমার মজুমদার,নারী উন্নয়ন সংস্থা পরাগ এর প্রতিষ্ঠাতা সভাপতি শাহনাজ ফরিদ, উদ্যোক্তা জাহিদ মাহমুদ সুমন ও শারমিন আক্তার প্রমূখ । সভা শেষে যুব কল্যাণ তহবিল থেকে বিভিন্ন ক্যাটাগরিতে মোট ১০ লাখ ৫০ হাজার টাকার যুব ঋণ ও অনুদানের চেক বিতরণ করা ছাড়াও বৃক্ষ রোপণ, সফল আত্মকর্মী ও যুব সংগঠকদের পুরস্কৃতকরণ এবং প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়। পরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়।

গৌরনদীতে পরিত্যক্ত স্থান

পৌঁছে ককটেলগুলো উদ্ধার করে। বিষয়টি নিশ্চিত করে গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেল বলেন, এসআরবি খুলনা-৬ এর বোম ডিসপোজাল ইউনিটের সদস্যদের সহায়তায় ককটেলগুলো উদ্ধার করা হয়েছে। ককটেলগুলো এখানে কীভাবে এসেছে তা খতিয়ে দেখা হচ্ছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে বলেও জানান তিনি।

অক্টোবরে রেমিট্যান্স এলো

রেমিট্যান্স এসেছিল দেশে। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, সদ্যবিদায়ী অক্টোবর মাসে সরকারি ব্যাংকের মাধ্যমে ৫০ কোটি ৩৩ লাখ ৩০ হাজার ডলার রেমিট্যান্স এসেছে। বিশেষায়িত দুই ব্যাংকের একটির (কৃষি ব্যাংক) মাধ্যমে এসেছে ২৩ কোটি ৭৮ লাখ ৭০ হাজার ডলার। বেসরকারি ব্যাংকের মাধ্যমে এসেছে ২১২ কোটি ৭৫ লাখ ২০ হাজার ডলার। এছাড়া বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৪৯ লাখ ১০ হাজার ডলার। তবে অক্টোবরে কোনো রেমিট্যান্স আসেনি এমন ব্যাংকের সংখ্যা আটটি। এসব ব্যাংকের মধ্যে রয়েছে রাষ্ট্র মালিকানাধীন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক বা বিডিবিএল, বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। বেসরকারি খাতের আইসি ইসলামী ব্যাংক এবং পদ্মা ব্যাংক। আর বিদেশি ব্যাংকের মধ্যে রয়েছে ব্যাংক আল-ফালাহ, হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া। এর আগে গত সেপ্টেম্বরে দেশে মোট ২৭৬ কোটি ৬০ লাখ (২.৭৬ বিলিয়ন) মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছিল। চলতি অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে রেমিট্যান্স এসেছিল ২৮৫ কোটি ৮৭ লাখ ৬০ হাজার ডলার। যা পরের মাস আগস্টে বেড়ে ২৯৬ কোটি ৬৬ লাখ ৮০ হাজার ডলার হয়। ২০২৫-২৬ অর্থবছরের পুরো সময়ে রেমিট্যান্স এসেছিল ৩৫ দশমিক ৫৮ বিলিয়ন ডলার। এর আগে ২০২৪-২৫ অর্থবছরে এসেছিল ৩০ দশমিক ৩২ বিলিয়ন ডলার।

হারিয়েছে

মেঘনা লাইফ ইন্স্যুরেন্স পি এল সি এর মূল জীবন বীমা দলিল হারিয়েছে যাহার পলিসি নং 05467139 নামঃ আব্দুর রহিম মুন্সী ও পলিসি নং TC540158 নামঃ মোঃ কালাম

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ০২ নভেম্বর ২০২৬ ॥ ১৭ কার্তিক ১৪৩৩

চার মাসে রপ্তানি আয় ১৭ বিলিয়ন ডলার ছাড়ালো, প্রবৃদ্ধি ৬ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক

চলতি ২০২৬-২৭ অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) দেশে পণ্য রপ্তানি থেকে আয় হয়েছে ১৭ দশমিক ৪০ বিলিয়ন মার্কিন ডলার। আগের অর্থবছরের একই সময়ে এ আয় ছিল ১৬ দশমিক ০৮ বিলিয়ন ডলার। সেই হিসাবে এক ৩ এর পাতায় দেখুন

ধেয়ে আসছে ঘূর্ণিঝড় ‘মুরাসু’ একশ কিমি বেগে তাণ্ডবের শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপটি ঘূর্ণিঝড়ে রূপ নিয়েছে। ঘূর্ণিঝড়টির নাম দেওয়া হয়েছে ‘মুরাসু’। ভারতের আবহাওয়া অধিদপ্তর (আইএমডি) রোববার (১ নভেম্বর) এ তথ্য জানিয়েছে। ঘূর্ণিঝড়টি আগামী ৩ নভেম্বর ভারতের ৩ এর পাতায় দেখুন



নিষেধাজ্ঞা শেষে হতাশ জেলেরা ঘাটে মিলছে ডিমওয়ালা-নষ্ট ইলিশ

কীর্তনখোলা রিপোর্ট

ইলিশের টেকসই উৎপাদন বাড়ানোর লক্ষ্যে সরকার ঘোষিত ২২ দিনের নিষেধাজ্ঞা শেষ হয়েছে। তবে নিষেধাজ্ঞা শেষে বুকভরা আশা নিয়ে নদীতে গিয়ে কাঙ্ক্ষিত ইলিশ পাচ্ছেন না ভোলার জেলেরা। উল্টো ঘাটে বিক্রির জন্য আসছে ডিমওয়ালা ও নষ্ট ইলিশ। জেলেদের অভিযোগ, নিষেধাজ্ঞার সময় সাধারণ দরিদ্র জেলেরা নদীতে মাছ ধরতে না পারলেও প্রভাবশালীদের নিয়ন্ত্রণে থাকা অনেক বোটে প্রকাশ্যে মা ইলিশ শিকার করা হয়েছে। নিষেধাজ্ঞা শেষে এসব বোট ঘাটে ফিরতে শুরু করেছে। দীর্ঘদিন বোটে মজুত থাকায় ধরা ইলিশের একটি বড় অংশ নষ্ট হয়ে গেছে। অন্যদিকে নদীতে গিয়ে সাধারণ জেলেদের জালে কাঙ্ক্ষিত ইলিশ ধরা পড়ছে না। এতে উঠছে না জ্বালানি ৩ এর পাতায় দেখুন



রাজাপুরে মাদ্রাসায় অনুপস্থিত থেকেও বিল তুলছেন শিক্ষকরা

সুদেব মালাকার, রাজাপুর

ঝালকাঠি রাজাপুর উপজেলার বড়ইয়া ইউনিয়নের উত্তর পালট নেছারিয়া হামেদিয়া দাখিল মাদ্রাসায় খাতা- কলমে শিক্ষক ও শিক্ষার্থী থাকলেও বাস্তবে তা নেই। এমপিওভুক্ত শিক্ষক থাকলেও তারা অধিকাংশই মাদ্রাসায় আসেননা। যদিও মাদ্রসা সুপারের দাবি তার ২০০ প্লাস শিক্ষার্থী রয়েছে । শিক্ষকদের মধ্যে আবার দুইজন থাকেন উত্তরবঙ্গে। এলাকাবাসীর অভিযোগ এনটিআরসিএর মাধ্যমে নিয়োগকৃত এই শিক্ষক দুইজনকে কেউ কখনও মাদ্রাসায় দেখেননি। তারা অনত্র চাকুরী করছেন। অথচ তাদের নামে প্রতি মাসেই বেতন তোলা হচ্ছে। মাদ্রাসার সুপারও নিজে মাদ্রাসায় কম আসেন। তিনি থাকেন ঝালকাঠি শহরে। এমন সব অভিযোগের প্রেক্ষিতে গত ২৮ অক্টোবর বেলা ১১ টার দিকে রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরী পরিদর্শনে যান মাদ্রাসাটিতে। তিনি সেখানে গিয়ে মাদ্রাসার সুপারকে অনুপস্থিত দেখতে পান এবং ৩ এর পাতায় দেখুন

ফেসবুকে ‘জয় বাংলা’ পোস্টের প্রতিবাদ করায় ছাত্রদল নেতাকে পেটানোর অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট



পিরোজপুরের নেছারাবাদে ফেসবুকে ‘জয় বাংলা’ স্লোগান ও বিএনপিবিরোধী পোস্টের প্রতিবাদ করায় জলাবাড়ি ইউনিয়ন ছাত্রদলের আহ্বায়ক শরীয়ত উল্লাহ লিমনকে মারধর করার অভিযোগ উঠেছে। ভুক্তভোগী ছাত্রদল নেতা লিমন অভিযোগ করেন, স্থানীয় আওয়ামী লীগ সমর্থক সিয়াম হোসেন ফকির ও তার বাবা আবুল হোসেন ফকির তার পা ভেঙে দিয়েছে। এ ঘটনায় আদালতে মামলা করার পর আসামিরা তাকে প্রাণনাশের হুমকি দিচ্ছেন বলেও অভিযোগ করে তিনি। শনিবার (৩১ অক্টোবর) রাত ৮টার দিকে উপজেলার কামারকাঠি বাজারে বিএনপির দলীয় কার্যালয়ে নেতাকর্মীদের নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন শরীয়ত উল্লাহ লিমন। তিনি উপজেলার ৫ নম্বর জলাবাড়ি ইউনিয়ন ছাত্রদলের আহ্বায়ক হিসেবে ৩ এর পাতায় দেখুন

চাকরির প্রলোভন দেখিয়ে ববি শিক্ষার্থীর টাকা আত্মসাত

কীর্তনখোলা রিপোর্ট

সেনাবাহিনীর ভুয়া পরিচয় দিয়ে চাকরির প্রলোভন দেখিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) এক শিক্ষার্থীর কাছ থেকে টাকা আত্মসাতের অভিযোগে এক ব্যক্তিকে পুলিশে সোপর্দ করেছেন শিক্ষার্থীরা। অভিযুক্ত ব্যক্তির নাম বিনয় সুর। তার বাড়ি বরিশালের বাকেরগঞ্জ উপজেলায়। শনিবার (৩১ অক্টোবর) রাত ১১টার দিকে বিশ্ববিদ্যালয়-সংলগ্ন ভোলা রোড থেকে ওই ব্যক্তিকে আটক করে বরিশাল বন্দর থানা পুলিশের কাছে সোপর্দ করেন শিক্ষার্থীরা খোঁজ নিয়ে জানা গেছে, ওই ব্যক্তি নিজেকে সেনাবাহিনীর কর্মকর্তা পরিচয় দিয়ে বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের এক শিক্ষার্থীকে ক্যান্টনমেন্টে চাকরি দেওয়ার প্রলোভন দেখিয়ে তিন ৩ এর পাতায় দেখুন



ভাণ্ডারিয়ায় বর্ণাঢ্য আয়োজনে জাতীয় যুব দিবস পালিত

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় রবিবার উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের যৌথ উদ্যোগে জাতীয় যুব দিবস-২০২৬ পালন করা হয়। এ উপলক্ষে সকালে ‘দক্ষ যুব গড়বে দেশ সবার জন্য বাংলাদেশ’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে যুব-যুবাদের অংশগ্রহনে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করে উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু করে সদরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এক আলোচনা সভায় মিলিত হয়। আলোচনা সভায় উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে এবং যুব উন্নয়ন কর্মকর্ত সৈয়দ আজমল হোসেনের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ৩ এর পাতায় দেখুন

স্ত্রীর সঙ্গে অভিমান করে যুবকের আত্মহত্যা

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার লালমোহন উপজেলায় স্ত্রীর সাথে অভিমান করে গলায় ফাঁস দিয়ে মো. রবিউল (২২) নামে এক যুবকের আত্মহত্যার খবর পাওয়া গেছে। রোববার (১ নভেম্বর) সকালে উপজেলার বদরপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের রায়রাবাদ গ্রাম থেকে মরদেহটি উদ্ধার করা হয়েছে। তিনি ওই একই গ্রামের নুর মিয়া হাওলাদার বাড়ির জাকির হোসেনের ছেলে বলে জানা গেছে। পুলিশ ও নিহতের পরিবার জানায়, শনিবার (৩১ অক্টোবর) দিবাগত রাতে স্ত্রীর ৩ এর পাতায় দেখুন

স্কুলের সীমানা টপকে কক্ষের তালা ভেঙে গানের আসর

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনার তালতলী উপজেলার শারিকখালী ইউনিয়নের চাউলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিকনিকের নামে রাতভর নাচ-গানের আসর বসানোর অভিযোগ উঠেছে ফুটবল আয়োজন কমিটির বিরুদ্ধে। প্রধান শিক্ষকের অনুমতি ছাড়াই বিদ্যালয়ের সীমানা টপকে ভেতরে প্রবেশ করে একটি কক্ষের তালা ভেঙে এ আয়োজন করা হয় বলে অভিযোগ ওঠে। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে এলাকাজুড়ে সমালোচনা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, গত শুক্রবার (অক্টোবর) বিকেলে চাউলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে একটি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। বিকেলের খেলা শেষে স্কুলের পাশেই রাতে পিকনিকের আয়োজন করেন ফুটবল আয়োজন কমিটির সংশ্লিষ্ট ব্যক্তিরা। রাতের আঁধারে বিদ্যালয়ের সীমানা টপকে ভেতরে প্রবেশ করে প্রধান শিক্ষকের অনুমতি ছাড়াই একটি কক্ষের তালা ভেঙে সেখানে প্রবেশ করা হয়। পরে আমতলী থেকে নারী ভাড়া করে এনে নাচ-গানের আসর বসানো হয়। পরদিন শনিবার ও রবিবার ৩ এর পাতায় দেখুন



গৌরনদীতে পরিত্যক্ত স্থান থেকে ৯ ককটেল উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের গৌরনদী পৌরসভার সুন্দরদী এলাকার টরকী পান ভান্ডার ও কবির ঘরামীর বাড়ির মধ্যবর্তী পরিত্যক্ত স্থান থেকে নয়টি ককটেল উদ্ধার করেছেন এসআরবির সদস্যরা। রোববার (১ নভেম্বর) দুপুর সোয়া দুইটার দিকে পরিত্যক্ত স্থান থেকে নয়টি ককটেল উদ্ধার করা হয়। এর আগে, সকাল আটটার দিকে ওই স্থানে ককটেল সাদৃশ্য বস্তু দেখতে পেয়ে থানা পুলিশকে খবর দেয় এলাকাবাসী। খবর পেয়ে উপজেলা প্রশাসন, থানা পুলিশ ও এসআরবির সদস্যরা ঘটনাস্থলে এসে স্থানটি ঘিরে রাখেন। পরে এসআরবি খুলনা-৬ এর বোম ডিসপোজাল ইউনিটের সদস্যরা ঘটনাস্থলে ৩ এর পাতায় দেখুন

অক্টোবরে রেমিট্যান্স এলো ৩৫ হাজার ৩৪৫ কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক

সদ্যবিদায়ী অক্টোবরে ২৮৭ কোটি ৩৬ লাখ ৩০ হাজার বা ২ দশমিক ৮৭ বিলিয়ন ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় পাঠিয়েছেন বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা। বাংলাদেশি মুদ্রায় (প্রতি ডলার ১২৩ টাকা ধরে) যার পরিমাণ ৩৫ হাজার ৩৪৫ কোটি ২৮ লাখ টাকা। রোববার (১ নভেম্বর) বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন সূত্রে এ তথ্য উঠে এসেছে। ব্যাংলাদেশ ব্যাংকের তথ্য মতে, অক্টোবরে ২৮৭ কোটি ৩৬ লাখ ৩০ হাজার মার্কিন ডলারের রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা। যেখানে আগের মাস সেপ্টেম্বরে এসেছিল ২৭৬ কোটি ৬০ লাখ ২০ হাজার ডলার। এছাড়া গত বছরের একই সময়ের চেয়েছে প্রায় ১০ কোটি ৭৬ লাখ ডলার বেশি এসেছে এখন পর্যন্ত। তবে অক্টোবর নিয়ে চলতি ২০২৬-২৭ অর্থবছরের টানা চার মাসসহ গত টানা পাঁচ মাস তিন বিলিয়ন ডলারের নিচে নেমে এলো রেমিট্যান্স। এর আগে ২০২৫-২৬ অর্থবছরের ডিসেম্বর থেকে মে পর্যন্ত টানা ছয় মাস তিন বিলিয়ন ডলারের বেশি করে ৩ এর পাতায় দেখুন



কাফন গায়ে ডিসি কার্যালয়ে মুক্তিযোদ্ধার অনশন

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর নিজের বসতভিটায় নিরাপদে বসবাসের নিশ্চয়তা, হামলা ও প্রাণনাশের হুমকির বিচার এবং সরকারি ঘর নির্মাণের কাজ সম্পন্ন করার দাবিতে কাফনের কাপড় গায়ে রেখে আমরণ অনশন করছেন বীর মুক্তিযোদ্ধা মো. আজাহার আলী হাওলাদার (৭৬)। রবিবার (১ নভেম্বর) দুপুর দেড়টার দিকে পটুয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচি শুরু করেন তিনি। মো. আজাহার আলী হাওলাদার (৭৬) পটুয়াখালী পৌরসভার ৯নম্বর ওয়ার্ডের পুরাতন ফেরিঘাট এলাকার বাসিন্দা আজাহার আলীর মুক্তিযোদ্ধা আইডি নম্বর ৬০৩০১০১৫৬। অনশনরত মুক্তিযোদ্ধার অভিযোগ, দীর্ঘদিন ধরে স্থানীয় কয়েকজন ব্যক্তি তাকে বসতভিটা থেকে উচ্ছেদের চেষ্টা করছেন। বিভিন্ন সময় তাকে হুমকি দেওয়া হয়েছে। এমনকি বসতঘরে হামলার ঘটনাও ঘটেছে। এ পরিস্থিতিতে ৩ এর পাতায় দেখুন

এলজিইডির সিদ্ধান্তহীনতায় থমকে আছে সড়কের কাজ

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার গুরুত্বপূর্ণ মঠবাড়িয়া-মিরুখালী এলজিইডি সড়কের প্রশস্তকরণ কাজ বছরের পর বছর ধরে অসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। সড়কের দুই পাশের গাছ অপসারণে দীর্ঘসূত্রতা এবং পরবর্তী সময়ে ঠিকাদারের ব্যাংক হিসাব জব্দ হওয়ায় প্রকল্পের কাজ বাস্তবায়নে জটিলতা তৈরি হয়েছে। এতে একদিকে যেমন ভোগান্তিতে পড়েছেন সড়কটি ব্যবহারকারী হাজারো মানুষ, অন্যদিকে কাজের বিল আটকে থাকায় চরম আর্থিক সংকটে রয়েছেন সংশ্লিষ্ট সাব-ঠিকাদাররা। সংশ্লিষ্ট সূত্রে জানা ৩ এর পাতায় দেখুন

সুপারি পাড়তে গিয়ে বিদ্যুৎস্পর্শে সাবেক ইউপি সদস্যের মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের কাউখালীতে গাছ থেকে সুপারি পাড়তে গিয়ে বিদ্যুৎস্পর্শে আবুল বাশার (৭০) নামে এক সাবেক ইউপি সদস্যের মৃত্যু হয়েছে। রোববার (১ নভেম্বর) সকাল সাড়ে ৭টার



দিকে উপজেলার শিয়ালকাটি ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের জোলাগাতি গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত আবুল বাশার জোলাগাতি গ্রামের মৃত সৈয়জ উদ্দিন হাওলাদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে বাড়ির পাশের পুকুরপাড়ে মই লাগিয়ে সুপারি পাড়ছিলেন আবুল বাশার। এ সময় সুপারি গাছের পাশ দিয়ে সেচের পাইপের সঙ্গে বিদ্যুতের তার টানা ছিল। সুপারি পাড়ার একপর্যায়ে তিনি ওই বিদ্যুতের তারের ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে বিএনপি নেতার আপত্তিকর ভিডিও ভাইরাল

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে বিএনপি নেতা মো. আতিকুল ইসলাম নান্নু বালীর একটি ‘আপত্তিকর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার ঘটনায়’ স্থানীয় বিএনপির নেতাকর্মীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগে তাকে বহিষ্কারের দাবি জানিয়েছেন নেতাকর্মীরা। তবে নান্নু বালীর দাবি, ভিডিওটি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দিয়ে তৈরি। এ ঘটনায় দুই মাস আগে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন বলেও জানিয়েছেন তিনি। নান্নু বালী সাতলা ইউনিয়ন বিএনপির সিনিয়র সহসভাপতি। সম্প্রতি তিনি উজিরপুরের সাতলা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অ্যাডহক ম্যানেজিং কমিটির



অভিভাবক প্রতিনিধি হয়েছেন। তবে ওই কমিটি গঠনে বিধিমালা লঙ্ঘনের অভিযোগ উঠেছে। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশালে অভিযোগও জমা পড়েছে। স্থানীয় বিএনপির নেতাকর্মীদের অভিযোগ, নান্নু বালীর ৩ এর পাতায় দেখুন







প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com